কাজেই তথনকার কার্য্যনির্কাহক-সমিতি সমস্ত শাধা-সমিতির সংস্থার করিবার প্রস্তাব করেন।
১৩০৬ সালের ২০ হৈর শ্রীযুক্ত ক্যোমকেশ মৃত্যকী মহাশরের প্রস্তাবে সমস্ত শাধাসমিতির এক
সমবেত অধিবেশন হর। উক্ত অধিবেশনে বহু আলোচনার পর এবং পরিবদের ২৬শে হৈত্তের
হশম মাসিক অধিবেশনের অন্তমাদনে সমস্ত শাধা-সমিতি নির্নাণিওতাবে পুনর্গঠিত হওরা
অবধারিত হর। একজাতীর ভির ভির শাধা-সমিতি মিলিত করিরা, তৎসম্বত্তের সভ্যগণকে
লইরা এক একটা মৃল পাধা-সমিতি গঠিত করিলে, শাধা-সমিতির উল্লেক্ত অধিকতর স্ববিধার
সহিত সাধিত হইবে বিবেচনার শ্রীবৃক্ত রার বতীজনাধ হোধুরী মহাশরের প্রস্তাব অনুসা র,—

- (১) গ্রন্থ-প্রকাশ-সমিতি, প্রাচীন-সাহিত্য-সমিতি, ক্রন্ত্রাসী রামারণ-সমিতি, কালীদাসী মহাভারত-সমিতি, কবিক্রন-চন্ত্রী-সমিতি এবং রামমোহনের রামারণ-সমিতি মিলিত হইর। "গ্রন্থ-প্রকাশ-সমিতি শাক্ষ একটি মূল শাধাসমিতি গঠিত হয়। প্রীবৃক্ত নগেজনাথ বস্তু ও প্রীষ্ক্ত মূণালকান্তি থোব যথাক্রমে তাহার সম্পালক ও সহকারি-সম্পাদক নিরোজিত হন। প্রাচীন বাঙ্গালা-গ্রন্থের মন্তুসন্ধান, সংগ্রহ, সংরক্ষণ ও প্রকাশ করাই ঐ শাধাসমিতির কার্য্য নিলীত হয়। প্রয়োজন হইলে কার্য্য-সৌকার্য্যার্থ, নিজেদের মধ্য হইতে একটি কার্য্যনির্কাহক স্মিতি গঠন করিবার পক্ষে এই সমিতির সভাগণের অধিকার আছে।
- (২) পরিভাষা-সমিতি ও উদ্ভিদ্-পরিভাষা-সমিতি মিলিত হইরা "পরিভাষা-সমিতি" নামক একটি মূল শাখা-সমিতি গঠিত হয় এবং ত্রীযুক্ত রামেক্সক্রনর তিবেদী এম্ এ, তাহার সম্পাদক নিয়োজিত হন। ত্রীযুক্ত রুঞ্চকমল ভট্টাচার্যা মহাশয় এই সমিতির স্বতন্ত্র সভাপতি নিযুক্ত হন।
- (৩) বাঙ্গালা ভাষার ব্যাকরণ প্রস্তুত করিবার সময় এখনও উপস্থিত হয় নাই বিবেচনার, 'ভাষা ও ব্যাকরণ সমিতি' নামের পরিবর্ধে ঐ সমিতির নাম 'ভাষাবিজ্ঞান সমিতি' হয়, শ্রীবৃক্ত হীরেক্সনাথ দত্ত, এম্ এ, বি, এল্, তাহার সম্পাদক নিয়োগ্রিত হন এক বাঙ্গীলা ভাষার প্রাবেশিক বিভিন্নতা এবং ঐতিহাসিক ক্রম অনুসন্ধান ও আলোচনা করা ঐ শাধাসমিতির কার্যা নিশীত হয়।
- (৪) ঐতিহাসিক সমিতির কার্যা কিছু সন্ধীর্ণ করিয়া এবং প্রাচীন শব্দসমিতির কার্য্য কিছু বৃদ্ধি করিয়া, উভয়ের পরিবর্ত্তে "শব্দসমিতি" নামক একটা মূল শাগা-সমিতি গঠিত হর এবং শ্রীযক্ত হেমেক্সপ্রসাদ ঘোষ, বি. এ, তাহার সম্পাদক নিয়োজিত হন।
- এতদ্বির শ্রীযুক্ত ব্যোমকেশ মৃত্তদী মহাশয়ের প্রস্তাবে,
- (৫) গ্রন্থসমিতি নামের পরিবর্তে, ঐ সমিতির নাম ''গ্রন্থ-রচনা-সমিতি'' হর এবং নির্মাবলীর ২ঘ ও ২ঙ ধারা অন্ত্রারে কার্যা করিবার ভারসহ শ্রীযুক্ত রজনীকাত্ত শুপ্ত মহালর ভাহার সম্পাদক নিয়োজিত হন।

এইরপে একণে পরিষদের মোট পাঁচটি শাখা-সমিতি এক প্রকার স্থারীভাবে গঠিত হই-রাছে—(>) গ্রন্থ প্রকাশ-সমিতি, (>) পরিভাষা-সমিতি, (৩) ভাষাবিজ্ঞান-সমিতি, (৪) শব্দ সমিতি ও (৫) গ্রন্থরচনা-সমিতি । এই সকল সমিতির বর্তমান সভাগণের নামের ভালিকা নিমে প্রদত্ত হইল ।

এছ-একাশ-স্থিতির সভাগণ

শ্রীবৃক্ত সভ্যেক্তনাপ ঠাকুর

মাননীর বিচারপতি শ্রীবৃক্ত সারদাচরণ মিত্র, এম্ এ; বি, এল্

মহামহোপাধ্যার " চক্রকান্ত তর্কালভার

মাননীর বিচারপতি " আন্ততোৰ মুখোপাধ্যার, এম,এ,ডি, এল্

बैक्क बाब क्कीक्रमांच क्रोधूबी, अम् अ, वि अन् बीक्क हीरबक्रमांच मख, अम् अ, वि, अन व्यमुखकुक महिक, वि, धन् একুক্ত রামেক্রস্থলর জিবেদী, এম্ এ

- नरत्रज्ञनांथ मिळ, वि, धन्
- ব্যোমকেশ মুন্তকী
- শিবাপ্রসন্ন ভট্টাচার্য্য, এম্ এ, বি, এল,
- .. वानीमाथ नमी

ভাক্তার ব্লিকমোহন চক্রবর্ত্তী

- ্ৰ শরতক্র চৌধুরী
- 💂 মন্মথমোহন বস্থ্য, বি, এ
- র্বীক্রনাথ ঠাকুর
- কুষার শরৎকুমার রায় এম্ এ
- স্থরেশচন্ত্র সমাজপতি
- कीरवाष्थ्रमाप विद्याविरनाष वम् व
- . ^ब मीरनमञ्ज त्मन, वि, व
- খ্রামলাল গোস্বামী (ঢাকা)
- মধুক্ষন গোস্বামী (বৃন্দাবন)
- ক্ষোরনাথ দত্ত ভক্তিবিনোদ
- নগেন্ত্ৰনাথ বস্ত্ৰ (সম্পাদক)
- সুণালকাত্তি বোষ (সহকারি-সম্পাদক)

পরিভাষা-সমিতির সভাগণ

ব্ৰীযুক্ত কৃষ্ণমূল ভট্টাচাৰ্য্য, বি এল্ , সভাপতি। মাননীর বিচারপতি ত্রীবৃক্ত ভক্তবাস বন্দ্যোপাধ্যার, এম্. এ; ডি এল্।

প্রবৃক্ত রবীক্রনাথ ঠাকুর

- নৃত্যগোপাল মুখোপাধ্যার (অভিব্রিক্ত) " বিপিনবিহারী ওপ্ত, এম এ
- রামেক্সক্ষর ত্রিবেদী, এম এ, (সম্পাদক)

ভাষা-বিজ্ঞান-সমিভিত্ম-সভাগণ

ত্রীবৃক্ত সভ্যেত্রনাথ ঠাকুর

(সভাপতি)

ৰাদৰীৰ বিচারপতি জীবুক সাক্ষাচরণ মিজ, এম্ এ, বি এল্ পাওতোৰ মুখোপাধ্যার এমু এ, ডি এম্ বহামহোপাথার তীবুক চত্রকার ভর্কারভার

গোবিন্দলাল দত্ত

বিজয়কেশৰ মৈত্ৰ, বি, এল্

হেমেক্সপ্রসাদ খোষ, বি, এ

কীরেশ্বর পাঁডে

অতুলকুষ্ণ গোস্বামী

সভ্যচরণ শাস্ত্রী

कानिमाम नाथ

বিজেজনাথ ঠাকুর

পণ্ডিত 💂 শতীশচক্র বিষ্যাভূষণ এম এ

শরচন্দ্র শান্তী

অমূল্যচরণ খোষ বিস্তাভূষণ

অতিরিক্ত সভ্যপ্রণ

अयुक्त माथबाल हट्डोशीशांत्र

সাহিত্য-পরিবৎ-পঞ্জিকা সার ত্রীবৃক্ত শুরুষাস বন্দ্যোপাধ্যার এব্ এ; ডি,এল্। ত্রীবৃক্ত রাম বতীক্তনাথ চৌধুরী এব্এ,বি,এল वारमञ्ज्ञकात्र जिर्दिनी, अम् अ हजनाथ बच्च धव् धः, वि, धन् রবীজনাথ ঠাকুর, रेजनाथ सत्मानाशाह, वि, এन् শিবাপ্ৰসম্ভ উটাচাৰ্য্য, বি, এশ ৰীৱেশ্বর পাডে ব্যোমকেশ মুক্তকী নকুলেখর বিভাভূবণ मन्त्रथरमाहन वस्, वि, এ হেমেক্সপ্রসাদ বোৰ, বি, এ মহামহোপাধ্যার প্রীবৃক্ত চন্ত্রকান্ত তর্কালকার मर्ट्महन्त्र मात्रत्रम्, नि, चाहे, हे প্ৰীবৃক্ত অগবৰু মোদক ু অক্রচন্ত সরকার, বি, এল হীরেন্দ্রনাথ দত্ত এমৃ, এ; বি, এশ্ শব্দম্বিভিন্ন সভাগণ (সভাপতি) প্রীবৃক্ত সভ্যেন্দ্রনাথ ঠাকুর মাননীর বিচারপতি প্রীবৃক্ত সারদাচরণ মিত্র, এম এ, বি এল আন্ততোৰ মুখোপাধ্যায় এম্ এ, ডি এন্

চক্ৰকাম্ভ ভৰ্কালকার মহামহোপাধ্যার প্রীযুক্ত চক্সনাথ বস্থ, এম এ, বি এন্ প্রীযুক্ত রার বতীক্সনাথ চৌধুরী, এম এ, বি এশ

- ব্যোমকেশ মুন্তকী
- মন্মথমোহন বস্থ্য, বি, এ
- ইন্সনাথ বন্দ্যোপাধ্যায়, বি, এল
- অতুগকুঞ্ গোস্বাদী
- সতীশচক্ৰ বিভাভূবণ, এমৃ, এ
- ু কিতীজনাথ ঠাকুর, বি, এ ডাক্তার " চুণিলাল বস্ন, এম্ বি, রারবাহাছর
- ু কানাইলাল বোৰাল
- ু বীরেশর পাঁডে
- অৰুণ্যচরণ যোৰ বিছাভূবণ
- जक्तरुक मत्रकात्र, वि, धन, बीरनमध्य त्मन, वि, व,
- প্রসধনাথ নিত্র
- (स्ट्रिक्ट्यान तार, वि, ज, (गणावक)-

- वटळाचेत्र वटनगांशीशांत्र
- পঞ্চানন মুখোপাগ্যায়
- ু হারাণচক্র বন্দ্যোপাধ্যার, এম্ এ; বি, এ
- , हीरतकनाथ पढ, अम् अ; वि, अम्
- ্ববীন্ত্রনাথ ঠাকুর
- শিবাপ্রসন্ন ভট্টাচার্ব্য, বি, এল
- त्राय्यक्षक्षत्र जिल्ली, धम् ध

এছর্চনা-সমিতির সভাগণ

(সভাপতি) শীবৃক্ত সতোল্পনাথ ঠাকুর মাননীয় বিচারপতি শ্রীযুক্ত সারদাচরণ মিত্র, এম্ এ; বি, এল্ সহকারি-সভাপতিগণ আগুতোষ মুখোপাধ্যায় এম এ; ডি, এল ্ৰ চন্দ্ৰকান্ত ভৰ্কালকার মহামহোপাধ্যার 🎒 কুক্ত চক্রনাথ বস্থ, এম্ এ, বি এন্ 🏻 খ্রীকুক্ত রায় যতীক্রনাথ চৌধুরী, এম্ এ, বি এন্ ্ৰ ব্যোমকেশ মুন্তফী ু হেমেক্সপ্রদাদ ঘোষ, বি এ ু সতীশচক্র বিচ্ঠাভূষণ, এম এ ্ৰ নগৈজনাথ বহু 🍃 শিবাপ্রসন্ন ভট্টাচার্য্য, বি, এল্ 🍃 রামেক্রস্থর ত্রিবেদী, এম্, এ ্ৰ মন্মথমোৰু বস্থু, বি. এ ু যজ্জের বল্যোপাধ্যায় (৺রজনীকান্ত গুপ্ত মহাশয় এই সমিতির সম্পাদক ছিলেন, ভাঁহার মৃত্যুর পর এই সমিতির স্বত্ত সম্পাদক নির্বাচিত হয় নাই। পুহনির্মাণ-সমিতির সভাগণ (১৩-৭ সালে স্থাপিত) প্রিযুক্ত সভ্যেক্তনাথ ঠাকুর (সভাপতি) মাননীর বিচারপতি ত্রীযুক্ত সারদাচরণ মিত্র, এমু , এ, বি, এল মহামহোপাধ্যার _ চক্রকান্ত তর্কালভার সহকারি-সভাপতি মাননীর বিচারপতি 🔪 আগুতোৰ মুখোপাধ্যার এম্ , এ, ডি, এল্ রার শীবুক্ত প্রাণশহর চৌধুরী কুমাার শ্রীবুক্ত শরৎকুমার রায়, এম্ এ প্রমথনাথ চৌধুরী রমানাথ বোষ , হীরেজনাথ দত্ত, এম্, এ, বি, এল্ হেমচক্র বন্থ মলিক ু মতিলাল খোৰ রবীক্রনাথ ঠাকুর 💂 রাজেজনাথ মুখোপাধ্যায় স্থরেশচক্র সমাজপতি ্ৰ নগেজনাপ বস্থ মৃণালকান্তি ঘোষ _ নগেজনাণ ভপ্ত যত্নাথ বরাট " রান্ন যতীক্রনাথ চৌধুরী এম্ এ; বি, এল্ অমৃতকৃষ্ণ মলিক, বি, এল রামেক্সফলর ত্রিবেদী, এম্ এ (সম্পাদক) ব্যোমকেশ মৃত্তকী মন্মধমোহন বস্তু, বি, এ

বঙ্গীর-সাহিত্য-পরিষদের নিয়মাবলী

ज्ञान देखन से नान

- >। বিবিধ উপারে বাঙ্গালা-ভাষা ও সাহিত্যের অমুশীনন ও উন্নতিসাধনই পরিবদের উদ্দেশ্য। সভার নাম বঙ্গীয় সাহিত্য-পরিষ্থ।
- ২। এই উদ্দেশ্য-সাধনার্থ নিম্নলিখিত ও আবশুক হইলে তদতিরিক্ত উপারসমূহ সন্থলিত ছইবে; যথা,—
 - (क) বঙ্গভাষার ব্যাকরণ ও অভিধান-সঙ্কলন।
 - (খ) বৈজ্ঞানিক ও দার্শনিক শব্দের পরিভাষা-স**ছ**লন।
 - (গ) প্রাচীন বাঙ্গালা-কাব্যাদির সংগ্রহ ও প্রকাশ।
 - (ঘ) ভাষাম্বর হইতে উৎকৃষ্ট গ্রন্থাদির অমুবাদ-প্রকাশ।
- (ও) দর্শন, বিজ্ঞান, ইতিহাস, কাব্য প্রাকৃতি সকল প্রকার সাহিত্যের **আলোচনা ও সেই** সেই বিষয়ে উৎক্লষ্ট গ্রন্থাদির প্রকাশ।
- (5) "সাহিত্য-পরিষৎ-পত্রিকা" নামে বাঙ্গাণা ভাষায় একথানি সাময়িক পত্রিকা প্রচার । পত্রিকাথানি আবশ্রকমত মাসিক বা ত্রৈমাসিক হইবে।

উপরোক্ত বিষয়-সমূহ সম্বন্ধে যথন যাহা সংগৃহীত হইবে, তাহা পরিষৎ-পত্রিকার প্রকাশিত হইবে; কিন্তু আবশুক বোধ হইলে, সংগৃহীত বিষয় সকল পত্রিকায় প্রকাশিত না হইরা স্বতন্ত্র গ্রন্থাকারে প্রকাশিত হইতে পারিবে। কার্য্য-নির্ব্ধাহক-সমিতির সন্মতি ভিন্ন, কোন জীবিত গ্রন্থারের গ্রন্থাদির আলোচনা বা সমালোচনা হইবে না।

- (ছ) পরিষদের উদ্দেশ্রের অন্তর্গত (গ) ধারার কার্য্য-সম্পাদনের নিমিত্ত "প্রাচীন-বালালা-গ্রন্থাবলী" নামে একথানি দ্বৈমাসিক পত্র প্রকাশিত হইবে। উহাতে অমুদ্রিত ও অপ্রকাশিত প্রাচীন বালালা গ্রন্থাবলী থণ্ডশঃ প্রকাশিত হইবে।
 - (अ) আবশুক্ষত প্রাচীন-বাঙ্গালা-গ্রন্থাবলী সম্পূর্ণ গ্রন্থাকারেও প্রকাশিত হইবে।

পরিবদের অধিবেশন

৩। কলিকাতার ভামপুকুর ১৩৭।১ নং কণ্ওরালিস্ ব্রীটে সাহিত্য-পরিবৎ-কার্যালয়ে প্রতিমানের শেব সপ্তাহের রবিবারে বা প্ররোজন হইলে অক্সবারে ও অক্সত্র অপরাহে সম্পাদকের আহ্বানে পরিবদের সাধারণ অধিবেশন হইবে। তত্তির কোন বিশেব প্ররোজন উপস্থিত হইকে, অথবা অন্ততঃ দশজন সত্য হেডুনির্দেশপূর্কক প্রবেদার অভিপ্রার প্রকাশ করিকে, সম্পাদকের আহ্বানে বিশেব সাধারণ সভা আহ্বত হইবে। অনিবার্য কারণে কোন মাসিক অধিবেশন হসিত থাকিতে পারিবে।

- । পরিষদের কার্য্য-বিবরণ উক্ত পরিবৎ-পত্রিকার প্রকাশিত হইবে।
 - वामन सन मछा উপञ्चित हरेल পরিষদের কার্য্যারস্ত হইবে।
 - 🖭 মাসিক অধিবেশনে প্রধানতঃ "সাহিত্যাদি" সম্বন্ধে আলোচনা হইবে।
- গ্রাপতি পরিবদের কার্যারন্তের অনুমতি প্রদান করিলে, নিয়-লিখিত প্রকারে কার্য্য আরম্ভ হইবে।
 - (ক) পূর্ব্ব অধিবেশনের কার্য্য-বিবরণ পাঠ ও অমুমোদন।
 - (খ) সভ্য-নির্ব্বাচন।
 - (গ) সভার বিজ্ঞাপিত কার্য্য।
 - (ए) কার্য্য-নির্ব্বাহক-সমিতি কিম্বা সভাপতিকর্ত্ত্ব নির্দ্ধারিত কোন বক্তৃতা বা প্রবন্ধ পাঠ।
- ৮। কোন বিষয়ের বিচার বা আলোচনার সময়ে কোন শভা সেই বিষয় সম্বন্ধে একবার এবং প্রস্তাবক গুইবারের অধিক বক্রব্য প্রকাশ করিতে পারিবেন না; তবে অধিকাংশ সভ্যের মন্ত বা সভাপত্তির অনুমতি পাইলে, এই নিয়মের ব্যতিক্রম হইতে পারিবে।

সভা

- ৯। বাঙ্গালা সাহিত্যামুরাণী, শিক্ষিত বা সাহিত্য-দংসারে লব্ধপ্রতিষ্ঠ, ব্যক্তিমাত্রই পরিবদের 'সাধারণ সভ্য' নির্বাচিত হইতে পারিবেন। নির্বাচনের প্রণালী এইরূপ হইবে;—পরিবদের সাধারণ অধিবেশনে তাঁহার নির্বাচন একজন সভ্যকর্তৃক প্রস্তাবিত, অপর সভ্যকর্তৃক সমর্থিত এবং সভাকর্তৃক অমুমোদিত হইলে, তিনি সাধারণ সম্ভ্যক্রপে গণ্য হইবেন।
- (ক) যথারীতি নির্মাচনের পর সম্পাদক নির্মাচিত ব্যক্তির নিকট তাঁহার নির্মাচন-সংবাদ ও তৎসহ সেই সময়ে প্রচলিত নিয়মাবলী একখণ্ড পাঠাইবেন।
- (খ) উক্ত ব্যক্তি তাঁহার নির্ম্বাচন-সংবাদ প্রাপ্তির একমাস মধ্যে প্রবেশিকা ১ প্রদান না করিলে, সভ্যশ্রেণীভূক্ত হইবেন না এবং সভ্যের কোন অধিকার প্রাপ্ত হইবেন না ।
- >•। পরিষদের ব্যার-নির্ব্বাহার্থ প্রত্যেক সাধারণ সভ্যকে প্রবেশিকা ১০ এক টাকা এবং অন্ততঃ ॥• আট আনা করিয়া চাঁদা মাসিক দিতে হইবে।
- ১১। খ্যাতনামা দেখকগণ বন্ধীর-সাহিত্য-পরিবদের 'বিশিষ্ট-সভা' নির্মাচিত হইতে পারিবেম। নির্মাচদের প্রণাশী এইরূপ হইবে; অন্যূন পাঁচজন সভ্য কোন ব্যক্তিকে বিশিষ্ট সভ্য করিবার প্রভাব পত্রহারা জানাইলে, পরিবদের সাধারণ অধিবেশনে ঐ প্রভাব "ব্যাল্ট" হারা বিবেচিত হইবে। যদি সভা ঐ প্রভাবের অন্থনোদন করেন, তবে প্রভাবিত সভ্যের নাম পত্রহারা সমত সভ্যের নিকট প্রেরিত হইবে। তাঁহাদের নিকট হইতে বে সকল পত্র পার্তমা; হাইবে, ভাহার ত্রি-চতুর্ঘাংশের সম্বতি-অন্থনারে সেই সভ্যকে বিশিষ্ট-সভ্যরূপে নির্মাচিত করা হইবে।

- (क) विनिष्ठे मट्यात्र मश्या >२ स्टानत्र अधिक इटेटव मा ।
- (খ) বাঁহারা পরিবদে অর্থসাহায্য ভিন্ন অস্ত উপারে বিশেষভাবে পরিবদের উপকার করেন বা বাঁহাদের নিকট পরিবৎ ঐরপ কোন উপকারের আশা করেন, তাঁহারা সাধারণ সভ্যন্ধপে নির্বাচিত হইতে অক্ষম হইলে, তাঁহাদিগকে 'বিশেষ সভা' রূপে নির্বাচন করা হইবে।
- (গ) বিশেব সভ্যগণ পরিষদের উদ্দেশ্র সম্পূরণ জন্ত পরিষদের কোন না কোন কার্য্যে নিযুক্ত থাকিবেন।
- ২২। সাধারণ সভা, বিশিষ্ট সভা ও বিশেষ সভা ভিন্ন 'ছাত্র-সভা' নামে পরিবদের আর এক শ্রেণীর সভা থাকিবেন।

(ছাত্রসভ্য-সংক্রান্ত বিশেষ নিরমাদি এই নিরমাবলীর শেষাংশে ক্রষ্টব্য)

সভার অধিকার

- ১৩। পরিষদ্কর্ভ্ক যাহা কিছু মুদ্রিত ও প্রকাশিত হইবে, প্রত্যেক সভ্য তাহার এক এক খণ্ড বিনাম্ল্যে প্রাপ্ত হইবেন; কিন্তু সাহিত্যাদি বিষয়ে যাহা স্বতন্ত্র পুস্তকাকারে প্রকাশিত হইবে, তাহা এ নিয়মের অন্তর্গত নহে।
- (ক) "সাহিত্য-পরিষৎ-পত্রিকা" এবং "প্রাচীন-বাঙ্গালা-গ্রন্থাবলী" ছাত্রসভ্যগণ ব্য**তীত সকল** সভ্যই বিনামূল্যে এবং বিনাব্যয়ে পাইবেন।
- (খ) কাহারও পত্রিকার পুরাতন খণ্ড বা সংখ্যা প্রয়োজন হইলে, তাঁহাকে তাহা আর্দ্ধ-মূল্যে ক্রম করিতে হইবে।
 - (গ) গ্রন্থাকীর সংখ্যা অর্দ্ধমূল্যে দেওয়া হইবে না।
- ° ১৪। সম্পাদকের নিকট পত্র লিখিরা বা মৌখিক প্রশ্নধারা সভার অবস্থা বিধিব্যবস্থা ও অক্সান্ত সংবাদ জ্ঞাত হইবার এবং সভার কার্য্যালয়ে স্বন্ধং আসিরা সম্পাদকের সম্মতিক্রমে হিসাব ও গ্রন্থাদি দেখিবার অধিকার সকল সভ্যেরই রহিবে।
- ১৫। কোন সভ্যের দের টাকা ছর মাস কাল অদত্ত থাকিলে তাঁহার নাম কার্য্য-নির্ব্বাহক-সমিতির সম্বতিক্রমে সভার তালিকা হইতে উঠাইরা দেওরা ঘাইবে।
- (क) বাঁহাদের নিকট সভার চাঁদা নির্মিতরূপে আদার না হইবে, তাঁহাদিগকে বিনামূল্যে ত্রাচীন-বালালা-গ্রহাবলী" দেওরা হইবে না।
- (খ) বে সভ্যের টাদা ছরমাস কাল বাকী থাকিবে, তিনি কার্য্যনির্বাহক সমিতির সভ্য হইতে পারিবেন না।
- (গ) কার্যনির্নাহক সমিতির কোন নির্নাচিত বা মনোনীত সভ্য বদি ছয় মাস পর্যন্ত চাঁদা বাঁকী রাখেন, তবে কার্যনির্নাহক সমিতি তাঁহার হানে অপর একজন সভ্য মনোনীত করিতে পারিবেন।
 - >७। পরিবদের নৃতন সভাগণ নির্বাচন-সমরের পর হইতে অর্থাৎ বিনি বে সমরে

সভ্য হইবেন, সেই সমন্ত্রের পরবর্ত্তী সংখ্যা হইতে পত্রিকা ও গ্রন্থাবলী পাইবেন। তৎপূর্ব্ব-বর্ত্তী সংখ্যা বা থণ্ড লইতে হইলে, তাহা অর্দ্ধ মূল্যে ক্রের করিতে হইবে। গ্রন্থাবলী অর্দ্ধমূল্যে দেওরা হইবে না।

- ১৭। পরিবদের উর্ভিক্তে বাঁহারা পরিবদের সাধারণ তহবিলে এককালে ৫০০ বা তদ্ভিরিক্ত টাকা দান করিবেন, তাঁহারা আলীবনকাল পরিবদের সভ্য বলিয়া গণ্য হইবেন।
- (क) বিশেব বিশেব কার্য্যের মন্ত পরিবদের যে সকল স্বতন্ত্র তহবিল আছে অর্থাৎ গ্রন্থ-প্রকাশ তহবিল, গৃহনির্মাণ-তহবিল, ব্যক্তিবিশেষের স্বভিচিহ্নস্থাপন তহবিল বা প্রস্কার-প্রবন্ধের তহবিল,—এই সকল তহবিলে ৫০০১ টাকা পরিমাণ দান ১৭ নির্মের অন্তর্গত বলিরা গণ্য হইবে না।

পরিবদের পরিপোবক

১৮। পরিবৎ ইচ্ছা করিলে, এক বা একাধিক ব্যক্তিকে পরিপোষক মনোনীত করিতে পারিবেন।

পরিবদের কর্মচারী

১৯। পরিবদের কার্যা স্থচারার্রণে নির্বাহার্থ সাধারণ-শভাকর্তৃক সভ্যশ্রেণী হইতে নিয়-শিখিত কর্মচারিগণ এক বৎসরের নিমিত নিযুক্ত হইবেন।

সভাপতি	•••	•••	•••	•••	>	खन
সহকারি-সভাপতি	•••	•••	***	•••	9	क्र
मन्भावक	•••	•••	•••	•••	>	क्रम
সহকারি-সম্পাদক	•••	•••	•••	•••	9	कन
পত্ৰিকা-সম্পাদক	•••	•••	•••	•••	>	क्रन
श नत्रक्क	•••	•••	٨.	•••	>	खन
গ্রহরকক	•••	•••	•••	•••	>	कन
ছাত্র-সভাগণের পরি	वे म र्नक	•••	•••	•••	>	क्रम
কার্য্য-নির্বাহক-স্থি	তির সভা	•••	•••	•••	১২	क्रम
আর-বার পরীক্ষক	•••	•••	•••	•••	ર	कन

এই নিরোগ-কার্য্য সাধারণতঃ চৈত্রমাসের অধিবেশনে সম্পন্ন হইবে। কেবল কোন কর্ম্ম-চারীর পদ বৎসরের মধ্যে শৃক্ত হইলে, অন্ত মাসের অধিবেশনেও সেই পদে কর্মচারী নিযুক্ত হইতে পারিবে।

২০। কার্য-নির্কাহক-সমিতির বারজন সদত এইরপে নির্ক্ত হইবেন ,—কার্য-নির্কাহক সমিতির সভোৱা, জাপনাদিগের মধ্য হইতে চারি জনকে মনোনীত করিবেন। বিদি উক্ত চারিজনের মধ্যে এক বা একার্যিক ব্যক্তি কোন কারণে পদ-গ্রহণ করিতে না পারেন, তবে কার্য-নির্কাহক-সমিতি প্রশাবনোনরনহারা সেই সংখ্যা পুরণ করিবেন।

(ক) অবশিষ্ট আটজনের সবদে নির্দাধিত প্রণালী অবলবিত হুইবে ;---

কারন মাসের প্রথমার্কের মধ্যে সম্পাদক, পরিষদের প্রভাকে সভাকে প্রকারা ক্রিকাসা করিবেন বে, তিনি এই সমিতির সদস্ত হইতে সন্থত আছেন কি না ও সন্থত থাকিলে হুই সপ্তাহ্ব মধ্যে প্রকারা তাঁহাকে জ্ঞাপন করিবেন। বাঁহারা সন্মত বলিরা উত্তর দিবেন, তাঁহাদের নামের একখানি তালিকা মুদ্রিত করিয়া, চৈত্রের প্রথম সপ্তাহ-মধ্যে প্রতি সভ্যের নিকট এই প্রার্থনা-সহকারে প্রেরিত হইবে যে, ঐ তালিকার মধ্যে প্রত্যেক সভা নিজ মনোনীত আটজনের নামের পার্শে নিজ নিজ নাম স্বান্ধ্যর করিয়া চৈত্রের দিতীয় সপ্তাহ মধ্যে যেন সভাপতির নামে পাঠাইয়া দেন; অথবা চৈত্রের সাধারণ মাসিক অধিবেশনে স্বয়ং উপস্থিত হইয়া সভাপতির হজে অর্প্রকরেন। যে আটজনের নামে অধিকাংশ সভ্যের মত পাওয়া যাইবে, তাঁহারাই নির্কাচিত হইবেন। যদি উক্ত আট জনের মধ্যে এক বা একাধিক ব্যক্তি কোন কারণে এই সমিতির সদস্ত-পদ গ্রহণ করিতে না পারেন, তবে নির্কাচিন যিনি নবম অথবা বাঁহারা নবন-দশমাদি স্থান অধিকার করিয়াছেন, ভাঁহারা যথাক্রমে নির্কাচিত হইবেন।

- (থ) বর্ষারন্তের পর যদি কোন কারণে কার্য্য-নির্বাহক-সমিতির সদস্ত-পদ শৃস্ত হয়, তবে পরিষদের পরবর্ত্তী সাধারণ অধিবেশনে ঐ পদ পূরণ করিতে হইবে।
- ২>। কার্য্য-নির্ব্ধাহক-সমিতির মনোনীত ও নির্ব্বাচিত সভ্যগণের মধ্যে যে কেছ বৃদ্ধি ক্রমান্তরে চারিমাস কাল অধিবেশনে অনুপঞ্জিত হন, তবে তাঁহার পদ শুক্ত হুইবে।
- ২২। পরিষদের সভাপতি, সহকারি-সভাপতিত্রয়, সম্পাদক, সহকারিসম্পাদকত্রয়, পত্রিকা-সম্পাদক, ধনরক্ষক, গ্রন্থরক্ষক এবং ছাত্র-সভ্যদিগের পরিদর্শক কার্য্য-নির্ব্বাহক-সমিতির সভ্যরূপে গণ্য হইবেন।
- ২৩। পরিষদের সভাপতি, সহকারি-সভাপতি এয়, সম্পাদক এবং সহকারি-সম্পাদক এর কার্য্য-নির্কাহক সমিতির সেই সেই সেদে নিযুক্ত থাকিবেন। তাঁহাদের অমুপছিতিতে উপস্থিত সভ্যমগুলী হইতে মনোনীত হইয়া সেই দিবসের অধিবেশনের নিমিত্ত একজন সভাপতি হইবেন ও একজন সম্পাদকের কার্য্য করিবেন।

সভাপতির অধিকার

২৪। কোন বিষয়ে মত গ্রহণ কালে ছই পক্ষে সভ্য-সংখ্যা সমান হইলে, সভাপতির একটি অতিরিক্ত মত দিবার ক্ষমতা থাকিবে।

সন্পাদক্ষে কার্ব্য ও অধিকার

২৫। সম্পাদক প্রত্যেক অধিবেশনের সময় নির্দারপপূর্কক অন্ততঃ ৪ দিন পুর্বে পঞ্জারা সভ্যাগতে জ্ঞাপন করিবেন।

- ২৩। সম্পাদক, পরিবদের সভ্য বা অক্তের প্রেরিত পত্রাদি প্রাপ্ত হইলে, তৎসম্বদ্ধে আপন বিবেচনাস্থসারে বা কার্য্য-নির্কাহক-সমিতির মতাস্থসারে কার্য্য করিরা তাহার ফল পত্র-প্রেরককে জানাইবেন।
- ্(ক) অন্যন দশলন সভ্য উক্ত পত্রাদি সাধারণ অধিবেশনে উপস্থিত করিবার জন্ত পত্রদারা অন্থরোধ করিলে, সম্পাদক কার্য্য-নির্বাহক-সমিতির মন্তব্য-সহ তাহা সাধারণ অধি-বেশনে উপস্থিত করিবেন।
- ২৭। সম্পাদক প্রতিমাসে পরিষদের আয়-ব্যর-বিবরণী প্রস্তুত করিয়া কার্য্য-নির্ব্বাহক-সমিতিতে অর্পণ করিবেন।
- ২৮। সম্পাদক কার্য্য-নির্ব্বাহক-সমিতির নির্দ্দেশাস্থ্যারী নির্মিত-ব্যর ব্যতীত ১০ টাকা পর্য্যস্ত ব্যর নিজে করিতে পারিবেন; কিন্ত উক্ত সমিতির পরবর্ত্তী অধিবেশনে ঐ ব্যর অন্থ-মোদিত করাইয়া লইবেন।
- ২৯। যদি কোন অনিবার্য্য কারণে কার্য্য-নির্ব্বাহক সন্মিতির মত না লইরা সম্পাদককে কোন কার্য্য করিতে হয়, তাহা হইলে তিনি তদ্ধপ করিয়া পারে কার্য্য-নির্ব্বাহক-সমিতি হারা ঐ কার্য্য অন্থ্যমৈদিত করাইয়া লইবেন।
- ৩০। সম্পাদক, চৈত্র মাসের সাধারণ অধিবেশনের পূর্ব্বের, পরিষদের বাৎসরিক আর-ব্যর-তালিকা প্রস্তুত করিয়া নিজের ও কার্য্য-নির্ব্বাহক-সমিতির সভাপতির স্বাক্ষর এবং আরব্যর পরীক্ষকদিগের মস্তব্যসহ তাহা ঐ অধিবেশনে উপস্থিত করিবেন। সেই সঙ্গে কার্য্য-নির্ব্বাহক-সমিতির অন্ধ্যাদিত বার্ধিক কার্য্য-বিবরণীও দিবেন।
 - ৩১। পরিষদের নিমিত্ত অন্তিপ্রেত অর্থাদি সম্পাদকের নামে পাঠাইতে হইবে।

वनवकरकत्र कार्य ७ अधिकात

- তং। পরিবদের প্রাপ্ত অর্থ বে হতে যথা হইতে আহক, সমস্তই ধনরক্ষকের নিকট পরি-যদের তহবিলে জমা হইবে। মাসিক খরচ বাদে ২০০ হই শত টাকা উদ্ভ হইলে, তাহা তিনি নিজ নামে বেঙ্গল ব্যাক্ত জমা রাখিবেন।
- ৩৩। পরিবদের সম্পাদকের স্বাক্ষরিত নিদর্শন পত্র (ভাউচার) ভিন্ন ধনরক্ষক কাহাকেও কিছু দিবেন না এবং কোনরূপ ব্যব্ধ করিবেন না।

আর-ব্যর-পরীক্ষকের কার্যা ও অধিকার

্ ৩৪। পরিবদের চৈত্র মাসের অধিবেশনের আছ্-ব্যর-পরীক্ষক মহাশর্মন্তর সাংবৎসরিক আর-ব্যর-হিসাবের পরিদর্শন করিরা তৎসম্বদ্ধে মন্তব্য নিধিরা দিবেন। উক্ত মন্তব্য বার্ধিক কার্ব্য-বিবয়নীতে প্রকাশিত হইবে।

পত্ৰিকা-সম্পাদকের কার্য্য ও অধিকার

৩৫। পত্রিকা-সম্পাদক, পরিবৎ-পত্রিকার উদ্দেশ্র ও দিন্তীর নিম্নমান্তর্গত বিভাগাদি শ্বরণ রাখিরা ২র নিরমের বিধানামূসারে বাবতীর কার্যা নির্মাহ করিবেন। পত্রিকার মুদ্রাহণ কার্য্যের সমস্ত ভার পত্রিকা-সম্পাদকের উপর অর্পিত থাকিবে। সভাপতি ও সম্পাদকের সহিত পরামর্শ করিয়া তিনি উৎকৃষ্ট প্রবহু-লেখকদিগকে পারিশ্রমিক শ্বরূপ অর্থ দান করিতে পারিবেন।

স্বার্থ।নির্মায়ক সমিতি

- ৩৬। পরিবদের পুত্তকালরের জন্ত কার্য্য-নির্জাহক-সমিতি আবশ্রকমত সমন্ত বিধি প্রণায়ন করিতে পারিবেন।
- ৩৭। পরিষৎ যে গ্রন্থের সম্পাদন-ভার যে সভ্যের বা যে শাখা-সমিতির উপর অর্পণ করিবেন, সেই সভা বা সমিতি, কার্য্য-নির্ব্বাহক-সমিতির সহিত পরামর্শ করিয়া তাহা সম্পন্ন করিবেন।
 - ৩৮। পরিবদের সমত্ত কার্যাই, কার্যানির্ব্বাহক-সমিতির নির্দেশ ও কর্তমে নির্ব্বাহিত হইবে।
- ৩৯। প্রতি মাসে অস্ততঃ একবার কার্য্যনির্ব্বাহক-সমিতির অধিবেশন হইবে। ত**্তিম** প্রয়োজন হইলে, কিংবা ছইজন মাত্র সভ্য হেতু-নির্দ্ধেশপূর্ব্বক পত্রধারা প্রার্থনা করিলে ইলার অতিরিক্ত অধিবেশন হইতে পারিবে।
 - ৪০। পাঁচজন সভা উপস্থিত হুইলে, সমিতির কার্যারম্ভ হুইরে।
- 8>। পরিষদের কার্য্য স্থচাক্ষরূপে নির্ব্বাহার্থ কার্য্য-নির্ব্বাহক-সমিতি প্রয়োজনাস্ক্লাক্তে উপযুক্ত বেতনে কর্ম্মচারী ও ভূত্যাদি নিযুক্ত করিতে পারিবেন।

<u> শাধাসমিতি</u>

- 8২। বিশেষ বিশেষ উদ্দেশ্য-সাধনার্থ পরিষৎ সময়ে সময়ে অস্থায়ী "শাখাসমিতি" গঠন করিবেন বা ব্যক্তিবিশেষের উপর উদ্দেশ্য-সাধনের ভার অর্পণ করিবেন। শাধা-সমিতিতে পরিষদের সভ্য ব্যতীত অপর অভিজ্ঞ ব্যক্তির সাহায্য গ্রহণপক্ষে কোন বাধা থাকিবে না।
- ৪৩। প্রত্যেক শাখা-সমিতির অধিবেশন, পরিষদের কার্য্যালয়ে বা আবশুক্ষত অক্সত্র হটবে।
- ৪৪। প্রত্যেক শাখা-সমিভির কার্য্যকণ ও প্ররোজনামুদ্ধণ কার্যবিবরণ প্রকাশিত হইবে এবং তিন মাস অন্তর সাধারণ অধিবেশনে উপস্থিত করা হইবে।
- ৪৫। প্রত্যেক শাখা-সমিতির আবশুক্ষত স্বতর সভাপতি ও সম্পাদক পরিবদের সাধারণ অধিবেশনে নিরোজিত হইবেন।

ছাত্র-সভ্য-সংক্রাস্ত নিয়মাবলী

সাধারণ নিয়ম

- ১। বিশিষ্ট সভ্যা, সাধারণ সভ্যাও বিশেষ সভ্যাভিন্ন 'ছাত্র-সভ্য' নামে প্রিষদের আমার এক ্রেণীর সভ্যাথাকিবে।
- ২। কলেজের যে কোন ছাত্র পত্রধারা সম্পাদকের নিকট কলেজ ও ক্লাসের নাম এবং ঠিকানা-সহ আবেদন করিলে, কার্য্য-নির্ব্বাহক-সমিতিকর্তৃক অনুসন্ধানের পর, তাঁহাদের নাম পরিষদের মাসিক অধিবেশনে নির্ব্বাচনার্থ উপস্থিতঃকরা ইটবে।
- ও। ছাত্র-সভাগণের প্রতি কার্য্যের ভারার্পণ ও তাঁহাদের কার্য্যের নির্দ্ধারণ এবং পরিদর্শন করিবার ভার পরিষদের এক উপযুক্ত সভাের হতে হাস্ত ঝাকিবে।
- । ছাত্র-সভ্যগণ কিরপ কার্যা করিতেছেন, তাহার একটি বিবরণ অন্ততঃ তিনমাদ অন্তর
 পরিদর্শকমহাশয় কার্যা-নির্বাহক-সমিতির সমক্ষে উপস্থিত করিবেন। কোন ছাত্র-সভ্য
 ভারপ্রাপ্ত কার্যো ক্রমান্তরে অবহেলা করিতেছেন বলিয়া বোধ হইলে, কার্য্য-নির্বাহকসমিত্রি তাঁহাকে সভাপদ হইতে অপস্থত করিতে পারিবেন।
- 🛾 । ছাত্র-সভাগণের পরিষদের কার্য্যে "ভোট" দিবার অধিকার থাকিবে না।

ছাত্র-সভাগণের কর্ত্র

- ১। ব ব গ্রাম, মহকুমা ও জিলায় প্রচলিত শব্দ ও শব্দের ব্যুৎপত্তি সংগ্রহ ;—
 - (ক) সম্পদ্ধাতক শক্ষ। (ঝ) গৃহধ্যবহার্য্য দ্রব্যাদির নাম। (গ) অঙ্গ-প্রভাঙ্গাদি-বাচক শক্ষ। (ম) শিল-বাণিজ্যাদিবিষয়ক শক্ষ। (ঙ) পশু-প্রকী-মংজ্ঞাদির নাম। (চ) ফল-মূল-গাছ-পালাদির নাম।
- ২। সক্ষনাম, ক্রিয়া প্রভৃতি পদের রূপ, কারক ও ক্রিয়ার বিভক্তির রূপ এবং কুং ও ভত্নিভের প্রভায় প্রভৃতির সংগ্রহ।
- ত। চলিত ও গ্রাম্যকথা এবং তাহাদের উৎপত্তির বিবরণ সংগ্রহ।
- । ছড়া, হেঁয়ালী, প্রবাদ, ব্রতক্থা, উপকথা ও কিংবদয়্বী এবং তাহাদের উৎপত্তির বিবরণ সংগ্রহ।
- ে। প্রচলিত ক্রীড়া, উৎসবাদির বিবরণ সংগ্রহ।
- 🔸। সামাজিক রীতিনীতির বিবরণ সংগ্রহ।
- 📲 ধর্মকাশায়গণের বিবরণ সংগ্রহ।
- ৮। ভৌগোলিক নাম সম্বদে ঐতিহাসিক ও কিংবদন্তীমূলক বিবরণ সংগ্রহ।
- ৯। পুরাতন অট্টালিকাদির ঐতিহাসিক ও কিংবদন্তীমূলক বিবরণ সংগ্রহ।
- ১০। পুরাতন বা বর্তমান গ্রাম্যকবিধের রচনা ও পদ-পুরণাদি সংগ্রহ।
- ১১। পুরাতন পুঁথি ও পুরাতন পুঁথির বিবরণ সংগ্রহ।

- >२। পরিবং হইতে প্রকাশিত প্রাচীন গ্রন্থাবলীর নির্বন্টাদির সম্ভান।
- ১৩। পরিষৎ কার্য্যালয়ে সংগৃহীত উপরি উক্ত বিবরণ সমূহের নির্মণ্ট সঙ্কন ।
- ১৪। পরিবংকর্জ নির্দিষ্ট পুরাণ-ইতিহাসাদি পুতকের নির্ঘণ্ট সঙ্কন। ইত্যাদি।

পুরস্বারাদির ব্যবস্থা

- ১। ছাত্র-সভাগণকে চাঁদা বা প্রবেশিকা দিতে হইবে না।
- ২। তাঁহারা পরিষদের মাসিক বা বিশেষ অধিবেশনমাত্রেই উপস্থিত থাকিতে পারিবেন ও তজ্জন্ত নিমন্ত্রিভ ইইবেন।
- ও। তাজির কেবল তাঁহাদের জন্ম পরিষৎ আবিশ্রকমত কতকগুলি বিশেষ আধিবেশন ও সাক্ষ্য-সন্মিলনের ব্যবস্থা করিবেন।
- 8। নির্দ্দিট টাকা জ্বমা দিলে, তাঁহারা চাঁদা না দিরাও পরিবং-পুত্তকাশরের পুত্তক ব্যবহার করিতে পারিবেন।
- ইয়ে সভাগণ পরিষং-পরিকা ও পরিষং হইতে প্রকাশিত গ্রন্থবিদী অর্দ্ধ মূল্যে পাইবেন। বিশেষ কারণে কার্য্য-নির্দাহক-সমিতি কোন ছাত্রসভাকে পত্রিকা ও গ্রন্থান্তানী বিনা মূল্যে দিতে পারিবেন বা উহা অর্দ্ধ মূল্যে পাইবার অধিকার হইতে বিচ্যুক্ত করিতে পারিবেন।
- ৬। প্রতি বর্ষের শেষে ছাত্র-সভাগণের কার্যের উংকর্ষ বিচার করিয়া, ক্ষন্ততঃ ছুইটি পারি-তোষিক দেওয়ার ব্যবস্থা করা হুইবে। পুরস্কারপ্রাপ্তির যোগাভা পরিষদের কার্য্য-নির্কাহক-সমিতি স্থির করিবেন এবং বার্ষিক অধিবেশনে প্রাকাশ্রভাবে ঐ পুরস্কার প্রদন্ত হুইবে।
- १। ছাত্র-সভ্যের নামসংবলিত কার্য্য-বিবরণ বার্ষিক কার্য্য-বিবরণীতে ও আবস্তক্ষত মাসিক কার্য্যবিবরণীতে মুদ্রিত হইবে। ধারারা উংসাহের সহিত কার্য্য করিবেন, কার্য্য-বিবরণীতে তাঁহাদের কার্য্যের বিশেষভাবে উল্লেখ থাকিবে এবং কোন সংগ্রহ উপযুক্ত বিবেচিত হইলে পত্রিকায় সম্পূর্ণ মুদ্রিত হইতে পারিবে।

কার্য্যালয়-সংক্রান্ত নিয়মাবলী

- >। নিম্নোক্ত দিন পরিবৎ-কার্য্যালয় বন্ধ থাকিবে। বর্বারম্ভের পূর্বে সম্পাদক বন্ধের দিন পঞ্জিকা দেখিয়া নির্দিষ্ট করিয়া দিবেন।
- ় রথযাত্রা > দিন, জন্মাষ্টমী > দিন, ছুর্গোৎসব >৪ দিন, শ্রামাপুজা > দিন, আত্বিতীরা > দিন, জগছাত্রীপুজা > দিন, কার্তিকেরপুজা > দিন, সরস্বতীপুজা ২ দিন, দোলবাত্রা > দিন, চৈত্রসংক্রান্তি > দিন, নববর্বারম্ভ > দিন, মহরম > দিন, ইদ > দিন, শৃষ্টমাস > দিন, শুড্রসাইডে > দিন, রাজজন্মোৎসব > দিন, মোট ৩০ দিন।

- ২। প্রতিসপ্তাহে বৃহস্পতিবার কার্য্যাশর বন্ধ থাকিবে। বিশেষ কারণে কোন সপ্তাহে বৃহস্পতিবারের পরিবর্ধে অক্সদিন বন্ধের ব্যবহা হইতে পারিবে।
 - ৩। উন্নিধিত বন্ধের দিন ব্যতীত কর্মচান্ত্রীগণ কার্য্যালরে থাকিতে বাধ্য থাকিবেন।
- ৪। বন্ধের দিন ব্যতীত অস্থাদিনে অমুপস্থিত হইলে কর্মচারীগণ সম্পাদককে জানাইরা ছুটা লইবেন। বংসরের মধ্যে ১৫ দিন পর্যস্ত এরপ অমুপস্থিতির জন্ত কোন কর্মচারীর বেতন বা পারিশ্রমিক কাটা বাইবে না। তদতিরিক্ত দিনের জন্ত ছুটি আবশ্রক হইলে কর্মচারীরা অমুপস্থিতির কেতু দেখাইরা সম্পাদকের নিকট ছুটির জন্ত পত্রহারা আবেদন করিবেন। হেতু সক্ষত বোধ করিলে সম্পাদক বংসর মধ্যে একমাস পর্যান্ত অর্দ্ধ বেতনে, তদধিক দিনের জন্ত বিনা বেতনে ছুটি মঞ্চ্ব করিতে পারিবেন। হেতুর সঙ্গতি সম্বন্ধে সম্পাদক বাহা নির্দেশ করিবেন, তাহাতে কোন কর্মচারীর আপত্তি থাকিলে কার্যনির্দ্ধাহক-সমিতির নিকট আশীল চলিবে। সম্পাদকের বিনা অমুমতিতে অমুপস্থিতির জন্ত পূরা বেতন কাটা বাইবে।
- শের্দ্রচারীদিগের অমুপস্থিতি কালে সম্পাদক উপুরুক্ত প্রতিনিধি ছারা কর্ম চালাইতে
 পারিবেন। কর্মচারীর প্রদন্ত প্রতিনিধি হইলে পারিশ্রমিকের বন্দোবন্ত স্বয়ং করিবেন।
 পরিবদের উপর প্রতিনিধি কর্মচারীর কোন দাবী থাকিবে না।
- ৬। পরিবদের পূর্ণ বেডনভোগী কর্মচারী প্রতিদিন ন্যুনকরেও ঘন্টা, অন্ত কর্মচারীরা ন্যুনকরেও ঘন্টা কার্যালরে উপস্থিতি থাকিরা কার্য্য করিতে বাধ্য থাকিবেন। সম্পাদক প্রত্যেকের উপস্থিতির সময় নির্দেশ করিয়া দিবেন। সেই নির্দিষ্ট সময়ে উপস্থিত না হইকে সে দিনের উপস্থিতি গণ্য হইবে না।
- শ্বিবেশন উপলক্ষে বা অল্প কারণে অধিক সময় আবশ্যক হইলে কর্ম্মচারীরা সেই
 সময় পরিবদের কার্য্যে নিরোগে বাধ্য থাকিবেন।
- ৮। পরিবদের পূর্ব বেভনভোগী কর্মচারী কার্য্যালয়ে উপস্থিতির জস্তু নিদ্ধপিত সময় ব্যতীত জন্তু সময়ে টাদার তাগিদ প্রভৃতি আবশ্যকীয় কর্ম করিবেন।
 - কর্মচারীরা প্রতিদিন বাতারাতের সমর হাজিরা বহিতে লিখিয়া স্বাক্ষর করিবেন।
 - > । কর্মচারীরা দৈনিক কর্ম্মের সংক্ষিপ্ত ভারেরি রাখিবেন।
- ১>। সম্পাদক বিবেচনা মত তাঁহার ক্ষমতার অংশবিশেষ অবৈতনিক ও বৈতনিক সহকারী সম্পাদকের হতে ক্লক্ত করিতে পারিবেন।

বঙ্গীয় সাহিত্য-পরিষদের একাদশ সাংবৎসরিক কার্য্য-বিবরণী

(১৩১১ वन्नोक)

বঙ্গীয়-সাহিত্য-পরিষদের একাদশ সাংবৎসরিক কার্য্য-বিবরণী

বঙ্গীয় সাহিত্য-পরিষ্
 একাদশ বর্ষ অতিক্রম করিয়া ১৩১২ বঙ্গান্দের বৈশার
মাসে ছানশ বর্ষে পদার্থন করিয়াছে। গাতবর্ষে পরিষ্
 বাঞ্চালা-সাহিত্যের ও বাঞ্চালা-ভাষার
উন্নতিকল্লে কি কার্যা করিয়াছেন, এই একাদশ সাংবৎসরিক কার্যানিবরণীতে তাহা বিভৃতভাবে
উন্লিখিত হইল। বর্ত্তমান ১৩১২ বঞ্চান্ধে পরিষ্
, যাহাতে নিজ্ উন্দেশ্যমান এবং আরক্ষ
কার্যা গুলি স্বশৃত্থালক্রপে স্থাপান করিছে পারেন, পরিষ্টের হিত্তিবিবর্গ তৎসম্বন্ধে উপদেশার্থি
প্রদান করিয়া ইহাকে স্থাপন চালিত করেন, ইহাই কার্যানিস্কাহক স্মিতির একান্ধ প্রার্থনা।

প্রিয়াদের উন্নতি,—একালশ বর্ষে সন্ধবিষয়ে পরিষদের বিশেষ উন্নতি লাভ ইত্যাছে।

- (১) আয়র্দ্ধি--সাধারণের সহায়-ভূতি আকর্ষণের জন্ম পরিষদের উদ্দেশ্য ও পরিষদের সম্পাদিত কার্যাবিবরণ আলোচাবর্ষে সাধারণকে নানারূপে জানাইবার বাবছা করা হইয়াছে। তাহার ফলে, অনেকে বতঃ প্রত হইয়া পরিষৎকে অর্থ সাহায্য করিতেছেন।
- (২) সভাবৃদ্ধি,—পূর্ব্ব বর্ষের ন্তায় আলোচাবর্ষেও সকল শ্রেণী ইইতেই ইহার সভাসংখ্যা বৃদ্ধিত ইইয়াছে। যে কারণে আয় বৃদ্ধি ইইয়াছে, সেই কারণে সভাসংখ্যাও বাড়িতেছে। আলোচান্বর্ষে সভার মধ্য ইইতে অতি অল্প লোকই সভাপন ত্যাগ্য করিয়াছেন। ইহাও পরিষ্বেশ্বন-উন্নতির এবং পরিষ্বেশ্বর প্রতিক সাধারণের প্রতিক বৃদ্ধির অভ্যতম লক্ষণ বলিতে ইইবে।
- (৩) পরিষদের কর্মকেত্রের পরিধিবিতার: এই বৎসর পরিষদের জীবনে নৃতন পরিছেদের আরত্ত হইয়াছে। ত্রীনুক্ত রবীক্রনাথ ঠাকুর মহাশরের প্রস্তাহক্রমে পরিষদের বিস্তৃত্তর কর্মকেত্রে প্রবেশ করিতে প্রস্তুত ইইয়াছেন। এতদিন পরিষদের কার্য্য মুখাত: ভাষাত্র ও সাহিত্যতবের আলোচনায় আনক ছিল। সম্প্রতি বঙ্গদেশের প্রাত্তর, সমাজতব, ভৌগোলিকতর প্রস্তৃতিও যাহাতে পরিষদের আলোচাতহয়, তঙ্গল চেটার আরম্ভ ইইয়াছে। বিভিন্ন জেলায় শাগালভার তাপনায়ায়া ও মকর্মকের অধিবাসী কলেজের ছাত্রদিগের সাহায্যভারা বঙ্গদেশের ও বাঙ্গালী জাতির সম্বন্ধে বিবিধ জ্ঞাত্যা বিষদ্ধের তথ্য সংগ্রহ চলিতে পারে কি না, পরিষৎ আপাততঃ তাহা পরীক্ষা করিতে প্রস্তুত ইইয়াছেন। এক্স পরিষদের এই শরীক্রাছেন, তাহার বিশেষ বিবরণ পরে দেওয়া হইল। আশা করা বায়, পরিষদের এই শরীক্রাছেন, ক্তাহার এই নবলীক্রন-হচনার, নৃতন উন্তদ্ধের ও নৃতীন অধ্যবসায়ের ফলপ্রাপ্রির সংবাদ ঘোষণা করিতে সমর্থ ইইছে। পরিষৎ বে চেষ্টা করিয়া দেশের ক্ষত্রবিষ্ধ, ধনী ও মানীর নিকট বনীয় সাহিত্যের হিত্তমন্থ হিত্তমন্ত্র হালিল বিষ্কার বিষ্কার হিত্তমন্ত্র হিত্তমন্তির হালিল বিষ্কার হিত্তমন্ত্র হিত্তমন্ত্র হিত্তমন্ত্র হিত্তমন্ত্য

কার্যাাস্থানদার। তাঁহাদের মেহ, শ্রনা ও প্রীতি আকর্ষণ করিতে পারিতেছেন, ইহাই ইছার পক্ষে শ্লাঘার বিষয় এবং ইহা হইতেই বুঝা যায়, দেশের লোকও দিন দিন ইহার উপযোগিতা ব্ঝিতে পারিতেছেন এবং ইহার উপকারিতা ও প্রয়োজনীয়তা স্বীকার করিতেছেন।

(৪) কার্যা-পরিচালনের স্থাবন্ধা, —পরিষনের কার্যা পরিচালনের স্থাবন্ধার উদ্দেশ্তে পরিষৎ ব্যন্ন স্থাকার করিয়া আরও একজন কর্মাচারী নিয়োগ করিয়াছেন এবং কার্যালাম-সংক্রাপ্ত নৃতন নিয়ম প্রণয়নদারা ও নিয়মন্তসারে কার্যা-পরিচালনাদ্বারা যাহাতে পরিমদের যাবতীয় কার্যা স্থানিয়তভাবে ও স্থান্ধানায় নির্বাহিত হয়, তাহার ব্যবস্থা করিয়াছেন।
(কার্যালয়সংক্রাপ্ত নিয়মাবলী দুঠবা।)

সভাসংখ্যা ;— আলোচা বর্ষের প্রারম্ভে পরিবদের সভাসংখ্যা ৬৬০ ছিল। আলোচা বর্ষে ৮ জন সভাবে ভাষা করিয়াছেন এবং ৮ জন সভ্যের মৃত্যু হইয়াছে। গত বর্ষের ভূলনায় এ বংসর পদভ্যাগের সংখ্যা অর্দ্ধেক। বর্ষশেষে সভাসংখ্যা ৭০৬ হইয়াছে।

বিশেষ সভ্য; — আলোচা বর্ষে এই সভাশেণীতে একটি ন্তন নিয়োগ ও একটি পরিবর্তন পটিয়াছে। বৈষ্ণবশাসে অপথিত শ্রীষ্ক অভুলক্ষণ গোষোমী মহাশ্যকে গত ২১এ কান্ধন তারিখে দশম নাসিক অধিবেশনে বিশেষ-সভাপদে নির্বাচিত করা হইয়াছে। বাঙ্গালা অভিধানসংগ্রহকার্যে রতী, সাহিত্য-পরিষদের এওরক্ষক পণ্ডিত শ্রীষ্ক্ত অম্লাচরণ ঘোষ বিফাভূষণ মহাশয় পরিষদের বিশেষ-সভা ছিলেন। সম্প্রতি তিনি পরিষদের প্রতি অম্গ্রহ শ্রেকাশপুর্কক বিশেষ সভার পদ ভাগে করিয়া সাধারণ সভার পদ গ্রহণ করিয়াতেন।

সদক্ষ্যের রাজসম্মান লাভ;—(১) আলোচাবর্ষে হাইকোটের ভূতপূর্ক বিচারপতি ও পরিষদের শুভাকাজ্ঞী খ্রীযুক্ত ওরদাস বন্দ্যোপাধ্যায় এম্, এ; ডি, এল্, মহাশন্ধ নাইট' পদবী প্রাপ্ত হইয়াছেন। এই ঘটনা পরিষদের পক্ষে অতীব আনন্দের বিষয়। তৃতীয় মাসিক অধিবেশনে এজন্য পরিষৎ আনন্দ প্রকাশ করিয়াছেন। (১) আলোচা বর্ষে পরিষদের অন্ততম সহকারি-সভাপতি ও পরিষদের হিতৈষী বন্ধ খ্রীযুক্ত আভতোষ মুখোপাধ্যায় সরস্বতী, এম, এ; ডি, এল্; এফ্, ভার, এস্, ই, মহাশন্ধ হাইকোটের বিচারপতি-পদে নিযুক্ত হইন্নাছেন। এই ঘটনায় পরিষৎ দ্বিতীয় মাসিক অধিবেশনে আনন্দ প্রকাশ করিয়াছেন।

সভ্যের মৃত্যু;— আলোচা বর্ষে পরিষদের নিয়নিথিত সভাগণের মৃত্যু ইইয়াছে:—
(ক) অতুলক্ষণ বস্তু; (খ) পূর্ণচন্দ্র দত্ত; (গ) তীর্ণনাথ চৌধুরী; (ঘ) ডাক্রার বিপিনবিহারী
মৈত্র; (ঙ) ভূতনাথ পাশ; (চ) রমানাথ ঘোষ; (ছ) জীনিবাস বল্লোপোধ্যায়; (জ) যোগেন্দ্রনাথ বিপ্তাভূষণ ও (ঝ) উমাশছর রায় চৌধুরী।

'(ক) ৺য়তুলয়য়্প বয় একজন সহদয় বাজি ছিলেন। তাঁহার অপ্রান্ত পরিপ্রমে বরাহনগর জিলোরিয়া কুলের বর্তমান উয়তি সাধিত হইয়াছে। উক্ত কুলের বর্তমান বাটা সাধারণের লাহাযো এবং ইয়ারই য়য়ে নিশ্বিত হইয়াছে।

- থৈ) ৮পূর্ণচন্দ্র দত গণিত শাস্ত্রে বিশেষ পণ্ডিত ছিলেন। ইনি ছাইকোটের আপীলু-সেরেন্তার বছদিন প্রধান অন্তবালকের পদে বিশেও যোগাতা ও প্রশংসার সহিত কার্য্য করিয়া-ছিলেন। ইতার কৃত স্থাসিকান্তের বঙ্গান্তবাল এবং একখানি বাঙ্গালা অভিধান অমুদ্রিত অবস্থায় আছে। পরিষদের প্রথানায় তিনি স্থাসিকান্তের অন্তবাদ করিয়াছিলেন, কিন্তু এই অন্তবাদ পরিষদের হস্তগত হয় নাই। তিনি জীবিত থাকিলে, ইহা পরিষদের এছরচনা-সমিতি-ন্বারা প্রকাশিত হইতে পারিত। লীলাবতীর বঙ্গান্তবাদ করিবার ইচ্ছাও ইতার ছিল।
- (গ) ৮ তীর্থনাথ চৌধুরী একজন সঞ্চন্য, সংক্ষে সদা উত্থোগী, পরিশ্রমী যুবক ছিলেন। তাঁহার বিশেব উত্থোগে ও পরিশ্রম "কপুলিয়াটোলা রিভিং ক্রম" প্রতিষ্ঠিত হয়। ২০ বংসর কাল ঐ পাঠাগার বস্তামান ছিল। তাগ বাবুর মৃত্যুর অবাবহিত পুক্ষে পরিদর্শন অভাবে উহা বাগবাজার বিভিং লাইবেরীর সহিত সংগুক্ত ইইয়া গিয়াছে। তীর্থ বাবুর যতে কলিকাতার উত্তরাংশে, বাগবাজার ভামবাজার অঞ্চলে যুবকদিগের মধ্যে পাঠশভূহা জাগরুক ছিল।
 - (ঘ) ৬ ডাক্তার বিপিনবিহারী হৈ ব সহরের একজন সম্বায় ও স্কপ্রসিদ্ধ চিকিৎসক ছিলেন।
- (৩) ভতুতনাথ পাল বি, এ, তাধুলী-সমাজের একজন বিশেষ হিতৈষী বাক্তি ছিলেন। তিনি বঙ্গসাহিত্যান্তরাণী এবং পরিষদের বন্ধ ছিলেন।
- (5) ছরমানাথ বােষ মহাশ্য হানীয় কা্যন্তসমাজের অন্ততম নেতা ও সমাজসংকারে অগ্রণী ছিলেন। তিনি সাহিত্যপরিষদের একজন বিশেষ উপকারী বন্ধু ছিলেন ও বন্ধুছের নিদর্শন স্বরূপ ইহার গুহনিবাণার্থ ৫০০, টাকা সাহা্যা করিছে প্রভিত্যত হইয়াছিলেন। তাহার অকাল মৃত্যুতে পরিষদের বিশেষ কঠি হইয়াছে। চতুর্থ মাসিক অধিবেশনে পরিষৎ তাঁহার অকালমৃত্যুর জন্ত শোক প্রকাশ করিয়াছেন।
- (ছ) ৺শ্রীনিবাস বন্দ্যোপাধ্যায় মহাশয় একজন স্থলেপক ছিলেন। মাসিক-প্রাদিতে তাঁহার বহু উৎকৃষ্ট প্রবন্ধ প্রকাশিত হইয়াছে। পরিষৎ-পত্রিকায় তাঁহার ব্যাকরণ-ঘটত ক্ষেক্টি প্রবন্ধ প্রকাশিত হইয়াছিল।
- (জ) খবোগেরানাথ বিভাতৃষণ এম, এ, মহাশার বঙ্গসাহিত্যে একজন হাপ্রথিতনাম।
 চিন্তানীল লেথক ছিলেন। ইনি 'আর্যাদর্শন' নামক প্রিকার সম্পাদক ছিলেন। আর্যাদর্শনে ও
 অন্তান্ত পত্রিকার ঠাহার অনেক স্থানর প্রবন্ধ প্রকাশিত হইরাছে। তাঁহার মৃহ্যুতে পরিষদের
 বিশেষ ক্ষতি হইরাছে। তিনিই প্রথনে অনেশহিতৈধী, বৈনেশিক, কর্মবীরগণের জীবন-চরিত্ত
 লিখিয়া বঙ্গসাহিত্যের পৃষ্টি ও গৌরব বৃদ্ধি করিয়া গিয়াছেন। ১০০৬ সালে তিনি পরিষদের
 সহকারী সভাপতি নির্বাচিত হইয়াছিলেন। ঘিতীর মাসিক অধিবেশনে পরিষৎ তাঁহার অন্ত

আলোচা-বর্ষে পরিষদের একজন ভূতপূর্ব্ধ সভ্যের মৃত্যু হইরাছে। ৮ডাক্তার স্থ্যকুমায় সর্বাধিকারী রায় বাহাছর পরিষদের জীবনে প্রথম কয়বংসর উৎসাহী সভ্য ছিলেন এবং কার্যানির্কাহক-সমিতির সভারপে উপদেশাদিদারা পরিষৎকে তাঁহার প্রবীণ অভিজ্ঞতার ফলভাগী করিয়াছিলেন। তাঁহার মৃত্যুতে বাঙ্গালী-সমাজ একজন নেতা হারাইয়াছেন। শেবে কতিপয় বংসর তাঁহার সহিত পরিষদের সম্পর্ক না থাকিলেও, পরিষৎ তাঁহাকে স্মরণ করিয়া ক্লভজ্ঞতা জানাইতেছেন।

ষ্মালোচ্যবর্বে বন্ধসাহিত্যের একজন প্রবীণ ও প্রাচীন সেবকের মৃত্যু হইম্বাছে। ইংরাজী-শিক্ষার ৰব-অভাদয়ের সময়ে, বালালীর নৃতন উভয়ের স্রোতে পড়িয়া, বালালাভাষা যথন ভাসিয়া যাইবার উপক্রম হ'ইয়াছিল, তথন ৬ নেবেক্সনাথ ঠাকুর তরবোধিনী-সভা স্থাপন, তর্বোধিনী-পত্রিকা প্রকাশ ও বাহ্মসমান্ত্রসম্পর্কিত যাবতীয় কার্যো বাঙ্গালাভাষাকে অবলম্বন করিয়া বাঙ্গালা সাহিত্যের নবাভাগর কালে, উহার ভূরি পরিমাণে আয়ুকুলা করিয়াছিলেন ; সেই মহাপুরুষ মহর্ষি **८९८ तक्ता**थ ठीकूत व्यात्नाहा वर्ष भत्रत्नात्क शमन कतिग्राह्मन । महर्षि वानाङीबरन ताङा ক্সামমোহন রায়ের হত্তে বাঙ্গালা গগ্য-সাহিত্যের অন্ধর উপ্পাত হইতে বেথিয়াছিলেন এবং শেষ-**জীবনে সেই অন্ধ্**রকে সকল প্রকার ফলফুলে সমলক্ষত-বুক্ষরূপে পরিণত হুইতে দেখিয়া গিয়াছেন। তাঁহার ধর্মব্যাখ্যা, উপদেশ, বক্তা প্রভৃতির ভাষা, বাঙ্গণের অঙ্গনোষ্ঠব-সম্পাদনে বড় অল সাহায়া করেন্দ্রাই। যে সময়ে দেশের কত্রিখণ্ণ বাসালাভাষার প্রতি বীতশ্রু ছিলেন, সেই সময়ে ভিনি বাঙ্গালা ভাষাকেই আশয় করিয়া, উচ্চাব জীবনের ঘাবতীয় কন্ম সাধনার্থ দণ্ডায়মান ছিলেন। তাঁহার আত্মজীবন-চরিত বাঙ্গালাভাষাতেই লিখিত হুইয়াছে। বৈদেশিকেরা উহার অমুবাদ হইতেই তাহার জীবনের কাহিনী জানিতে বাধা হইবেন। মহর্ষির পুত্রগণ, পৌত্রগণ, কল্যা ও দৌহি গ্রীগণ বাঙ্গালা-সাহিত্যের দেবা করিয়া অক্ষয় যশোলাভ করিয়াছেন। মহর্যিবংশীয়গণ হুইতে বান্ধালা সাহিত্য যতদুর পৃষ্টি ও উন্নতি লাভ করিয়াছে, আর কোন এক পরিবার হুইতে ততপুর হয় নাই, ইহা অত্যুক্তি নহে। তাঁহার পুত্রগণের মধ্যে শ্রীয়ক্ত দিজেক্সনাথ ঠাকুর ও 🏿 যুক্ত সত্যোক্তনাথ ঠাকুর একাধিক বর্ষ পরিষদের সভাপতি ও শ্রীযুক্ত জ্যোতিরিক্তনাথ ঠাকুর ও রবীক্সনাথ ঠাকুর সহকারী সভাপতি থাকিয়া পরিষৎকে চিরশ্বণী করিয়াছেন। সাহিত্য-• পরিবদের প্রতিবর্ষের বার্ষিক কার্যা-বিবরণী তাহা প্রতিপন্ন করিবে। মহর্ষির দেহান্তরের পর সাহিত্য-পরিষৎ ২২শে মাঘ বিশেষ-সভা আহ্বান করিয়া তাঁহার জন্ত শোক-প্রকাশ ও তাঁহার শ্বতিস্থাপনের প্রস্তাব করিয়াছেন।

অধিবেশনাদি — আলোচ্য বর্ষে পরিষদের একাদশট মাসিক অধিবেশন ও তিনটি বিশেষ অধিবেশন ও একটি বার্ষিক অধিবেশন হইয়াছিল;—

১০ম বার্বিক—২৬ বৈশাধ ১৩১১, (১) ১৩১০ সালের
৮মে ১৯০৪, রবিবার বাঙ্গালা সাহিত্য

ঐব্যোমকেশ মৃস্তফী

(২) উদ্ভিদ্বিগুার উপক্রমণিকা

গ্রীহর্গানারারণ সেন শাস্ত্রী

একাদশ সাংবৎসরিক কার্য্য-বিবরণী।

(ক) মাসিক অধিবেশন,—

১য়—১৫ বৈষ্ঠ ১৩১১,
২৮ মে ১৯০৪, শনিবার

২য়—৫ আঘাঢ় ১৩১১,
১৯ জুন ১৯০৪, রবিবার

৩য়—৮ শ্রাবণ ১৩১১,
২৩ জুলাই ১৯০৪, শনিবার

৪র্থ—১১ ভাদ্র ১৯০৪, শনিবার

৫য়—১৫ আদ্বিন ১৩১১,
১ অক্টোবর ১৯০৪, শনিবার

৬ঠ—২০ জ্বাহায়ণ ১৩১১,
১০ ডিসেম্বর ১৯০৪, শনিবার

৭য়—০ পোষ ১৩১১,
১৮ ডিসেম্বর ১৯০৪, রবিবার

বিচারপতি শীবুক দারদাচরণ শ্রীচৈতত্তের উৎকল্যাত্রা মিব, এম্ এ, বি এল্

গোতমমুনি ও স্থায়দশন—পণ্ডিত শ্রীযুক্ত কালীবর বেদান্তবাগীশ

- (>) कार्गी अग्रामा श्रीगुक भीत्ममहस्र तमन, वि, व
- (২) ভারতচন্দ্রীয় যুগে রাজনৈতিক অবস্থা শ্রীযুক্ত হেমেন্দ্রপ্রসাদ ঘোষ, বি, এ,

বৈষ্ণব কাব্যে মিথিলার অংশ --- শ্রীযুক্ত নগেব্রনাথ গুপ্ত

- (১) रेतनाली जिएक ताशाननाम राननाशामाम
- (২) গৌতমের প্রতিভা শীব্জ গদাচরণ বেদান্ত বিশ্বাসাগর বিদ্যাসাগর বিদ্যাস্থান (১ম) শীব্জ হাঁরেন্দ্রনাথ দত্ত, এম্, এ, বি, এল্,
- (১) বিভাপতি প্রময় শ্রীয়ক নগেরনাথ গুপ্ত
- (২) বেদান্তদর্শন (২য়) শ্রীযুক্ত হারেন্দ্রনাথ দত্ত,এম,এ,বি,এম
- (১) গোবিন্দদাস জীযুক্ত নগেজনাথ গুপ্ত
- (৩) নিরক্ষর কবি ও গ্রাম্য কবিতা শ্রীযুক্ত মোক্ষদাচরণ ভট্টাচার্য্য

৯ম—৭ ফাব্ধন ১৩১১, ১৯ ফেব্রুয়ারী, ১৯০৫ রবিবার

কনোন্তের আয়ুগরাজবংশ—শ্রীযুক্ত নগেন্দ্রনাথ বন্ধ

> ০ম—২১ ফাস্কন ১৩১১,

৫ মার্চ্চ ১৯০৫, রবিবার

> ১শ—১৭ বৈশাধ ১৩১২,

**৩০ এপ্রিল ১৯০৫, রবিবার

- (১) পরারের উৎপত্তি—শ্রীযুক্ত রমেশচক্স বস্থ
- (২) মাণিক গাঙ্গুলির ধর্মমঙ্গল—শ্রীযুক্ত ব্রজ্ঞস্পর সাঞ্চাল

১৩১১ সালের বাদালাসাহিত্য—শ্রীযুক্ত ব্যোমকেশ মৃক্তকী

(খ) বিশেষ অধিবেশন,

ऽम—ऽ**८ ह्यार्ड २०**>>, २१ (म ১৯०৪, एकवात २इ - २२ मार, ১७১১

ভাষার ইঙ্গিত — শ্রীযুক্ত রবীন্দ্রনাথ ঠাকুর

মহর্ষি দেবেন্দ্রনাথ ঠাকুরের স্বৃতিসভা

৪ ফেব্ৰুয়ারী ১৯০৫ শনিবার

- (১) ছাত্রগণের প্রতি নিবেদন—শ্রীযুক্ত রবীক্সনাথ ঠাকুর
 (২) নিয়প্রাথমিক শিক্ষাসম্বন্ধে গবর্ণমেন্টের নিকট প্রেরিতব্য

পুর্বেষাক্ত প্রবন্ধ গুলির শ্রেণীবিভাগ করিলে দেখা যায়, আলোচ্য বর্ষে ভাষাতত্ত্ব সম্বন্ধে ভিনট, প্রস্তত্ত্ব বিষয়ে হুইটি, প্রাচীন সাহিত্য সম্বন্ধে পাঁচটি, ইভিহাস সম্বন্ধে হুইটি, সমালোচনা সম্বন্ধে ছাইটি, দর্শন বিষয়ে চারিটি, বিজ্ঞান বিষয়ে একটি এবং ছাত্রগণের উপযোগী একটি প্রবন্ধ পঠিত হইয়াছিল।

এই সকল মাসিক অধিবেশনে প্রবন্ধ-পাঠ বাতীত আরও কয়েকটি বিশেষ কার্য্য হইয়াছিল.— দিতীয় মাসিক অধিবেশনে খ্রীযুক্ত নগেন্দ্রনাথ গুপ্ত মহাশয় কার্যানির্বাহক-সমিতির গঠন-সম্বন্ধে প্রস্তাব করেন —"যে সভ্যের নিকট ছন্নমাস বা তদুর্দ্ধকালের চাঁদা বাকী আছে, আগামী ৰৰ্ষ হইতে তিনি কাৰ্য্যনিৰ্ব্বাহক-সমিতির সভা নিৰ্ব্বাচিত বা মনোনীত হইতে পারিবেন না। নির্মাচিত বা মনোনীত হইয়। যদি কোন সভা ছয়মাস পর্যান্ত চাঁদা না দেন, তাহা হইলে তাঁহার স্থানে কার্যানির্কাছক-সমিতি অপর একজন সভা মনোনীত করিবেন।"—এই প্রস্তাব কয়েকটি অধিবেশনে স্থগিত থাকিয়া শেষে দশম মাসিক অধিবেশনে অমুমোদিত ও গৃহীত হইয়াছে।

তৃতীয় মাসিক অধিবেশনে শ্রীযুক্ত নগেক্সনাথ গুপ্ত মহাশয়ের প্রেরিত বিভাপতির তাম্রশাসন 🔊 বুক্ত নগেক্সনাথ বস্থ মহাশয়ক ঠ্ক প্রদর্শিত হয়। নগেক্স বাবু এই উপলক্ষে বিষ্যাপতি সম্বন্ধে অনেক কথার আলোচনা করেন।

চতুর্থ মাসিক অধিবেশনে পরিষদের বিশেষ হিতৈষী বন্ধ ৺রমানাথ ঘোষ মহাশঙ্কের অকান মৃত্যুর জন্ম শোক প্রকাশ করা হয়। ঐ অধিবেশনে শ্রীযুক্ত নগেক্সনাথ বস্ত্র মহাশর যবনীপে ছিল-প্রভাবের নিম্পন-বিষরে অনেকগুলি ছোট বড় ছবি দেখাইয়া, অনেক কথার আলোচনা क्रत्रम ।

পঞ্চম মাসিক অধিবেশনে লালগোলার রাজা প্রীযুক্ত যোগেক্সনারারণ রার বাহাছরের প্রকন্ত ১৩১০ সালের সাহায় ৩০০২ টাকার প্রকাশিত কাশী-পরিক্রমা পুত্তক উপহিত করিয়া রাজা " ৰাহাছরকে ও উক্ত পুত্তক-সম্পাদক নগেন্দ্র বাবুকে পরিবদের ক্বভক্ষতা জ্ঞাপন করা হয়।

এह जिरवन्तन "देवनांगी" अवद-नार्कक जीवूक त्राधानमान वत्नाांभाधात्र महानव वनाकृ

গ্রামের নিকট প্রাপ্ত বিবিধ বৌদ্ধ-নিদর্শন এবং অনেকগুলি পোড়ামাটীতে অন্ধিত মোহরের ফটোগ্রাফ প্রবর্শন করেন।

বঠ মাসিক অধিবেশনে ত্রীযুক্ত নগেক্সনাথ গুপ্ত মহাশর বিভাপতির হতাক্ষরের প্রতিনিশি ও তাঁহার নিখিত ভাগবত-গ্রন্থের প্রতিনিশি প্রভৃতি প্রদর্শন করিরা বিভাপতি-প্রসক্তে কথা বলেন।

অস্টম মাসিক অধিশেনে শ্রীযুক্ত নগেন্দ্রনাথ গুপ্ত মহাশগ্র বিভাপতির পদাবলীর **প্রাচীনতম** পুঁপি প্রদর্শন করেন।

নবম মাসিক অধিবেশনে লালগোলার রাজা বাহাগরের ১৩১১ সালের দান ৩০০ টাকা এবং দিনাজপুর ঠাকুর-গাঁও থানার প্রিস ইন্স্পেক্টরক ঠুক বঙ্গীয়-সাহিত্যের উরতিকরে ১০০ টাকা দানের উল্লেখ করিয়া ক্রভজ্ঞ জানান হয়।

এই নবম অধিবেশনে আরও একটি বিশেষ কাছ হয়। বাঙ্গালা গ্রমেন্ট নিম্নপ্রাথমিক শিক্ষা-প্রণালীর সংস্কার-উদ্দেশ্তে যে কমিটি গঠন করিয়া ভাষার হতে ভদ্ধিয়ে অন্থস্থানের ভার দেন, সেই কমিটির মন্তব্য অন্থসারে গ্রমেন্ট যে সকল পরিবর্তনের প্রভাব করেন, ভাষাত্ত দেশীর শিক্ষা, ভাষা ও সাহিত্যের কিরূপ ক্ষতির্ধি হটবে, ভাষার আলোচনার ক্রম্ভ পরিবৎ এই অধিবেশনে একটি শাথাস্মিতি গঠিত করেন। এই শাথাস্মিতিতে মাননীয় বিচারপতি শ্রিযুক্ত সারদাচরণ মিত্র, এম্, এ; বি, এল্; শ্রীযুক্ত সার গুরুদাস বন্দ্যোপাধ্যায় এম্, এ; ডি, এল্; রায় শ্রীযুক্ত বভীক্রনাথ চৌধুরী এম্, এ; বি, এল্; শ্রীযুক্ত সত্তেক্রনাথ ঠাকুর; শ্রীযুক্ত দীনেশচক্র সেন, বি, এ; শিগুক্ত হারেক্রনাথ দত্ত এম্, এ; বি, এল্ও শ্রীযুক্ত রামেক্রম্বন্দর বিবেদী এম্, এ, সভ্য রূপে গৃহীত হইয়াছিলেন। পরে এই শাথাস্মিতির বিভিন্ন অধি-বেশনে শ্রীযুক্ত অবিনাশচক্র দাস এম, এ; বি, এল্; শ্রীযুক্ত নিধিলনাথ রায় বি, এল্; শ্রীযুক্ত চক্রনাথ বহু এম্, এ; বি, এল্, ও শ্রীযুক্ত অম্লাচরণ গোষ বিস্লাভ্রণ সভ্যরূপে গৃহীত হইয়াছিলেন।

দশম মাসিক অধিবেশনে খ্রীয়ক নগেজনাও গুপ্ত নহাশ্যের কার্য্যনির্বাহক সমিভির গঠন-সম্বনীয় স্থগিত প্রস্তাব অন্তমোদিত ও গৃহীত হয়।

বিশেষ অধিবেশন তিনটির মধ্যে প্রথমটিতে শ্রীযুক্ত রবীক্সনাথ ঠাকুরের ভাষাত্ত্ব সম্বান্ধীয় বিশেষ প্রবিশ্ব নিষ্কার ভাষাত্ত্ব সামক প্রবন্ধ পঠিত হয়। দ্বিতীয় বিশেষ অধিবেশনে মহর্ষি দেবেক্সনাথ ঠাকুরের পরলোক গমনে স্মতিসভা আহৃত হইয়াছিল। জেনারাল এসেম্ব্রিক্ষ ইনষ্টিটিউসন হলে উক্ত বিশেষ অধিবেশন আহৃত হয়। শ্রীযুক্ত মহামহোপাধ্যার চক্রকান্ত ভর্কান্ধার সভাপতির আসন গ্রহণ করেন। তৃতীয় বিশেষ অধিবেশনে নিম্নপ্রাথমিক শিক্ষার পরিবর্তনের প্রস্তাব-ক্ষানিত আন্দোলনে পরিবৎ গবর্মেন্টের নিকট পাঠাইবার জন্ত যে আবেষন পত্রের পাঞ্লিপি প্রস্তাত তুরেন, তাহা অম্বনোধিত হয়। পরিশিত্তে ঐ আবেষনপত্র মৃত্রিত হইল। ঐ অধিবেশন মৃথ্যতঃ সহরের ও মক্ষরণ হইতে আগত পরীক্ষার্থী ছাত্রগণকে অভ্যর্থনার

বঙ্গীয় সাহিত্য-পরিষদের

ক্ষা ক্লাসিক্থিরেটার গৃহে ১৭ই চৈত্র তারিখে আহ্ত হইয়াছিল। সভাস্থলে সহস্রাধিক কলেজের ছাত্র উপস্থিত ছিলেন এবং তদ্তির বহুসংখ্যক মান্তগণ্য ব্যক্তি উপস্থিত ছিলেন। স্রীপুক্ত রবীক্রনাথ ঠাকুর "ছাত্রদিগের প্রতি সম্ভাষণ" নামক প্রবন্ধ পাঠ করিয়া ছাত্রগণকে সাহিত্য-পরিষদের সম্পর্কে অদেশ-সেবার্থ আহ্বান করেন। রবীক্রনাথ বাবুর প্রবন্ধ সভাস্থ সকলে মুখ্ম হইয়া শ্রবণ করেন। প্রবন্ধ পাঠান্তে শ্রীযুক্ত হীরেক্রনাথ দত্ত, শ্রীযুক্ত অমৃতলাল বস্ত্ব, শ্রীযুক্ত বিপিনচক্র পাল ও সভাপতি শ্রীযুক্ত সত্যেক্রনাথ ঠাকুর ছাত্রদিগকে সন্বোধন করিয়া উদীপনাপূর্ণ ভাষার এই সম্বন্ধে কিছু কিছু বলিয়াছিলেন। ছাত্রদিগের আনন্দ বর্দ্ধনের জন্ম এই অধিবেশনে সলীতের ব্যবস্থা হইয়াছিল।

কর্মচারিগণ : — দশম বার্ধিক অনিবেশনে নিম্নলিখিত ব্যক্তিবর্গ একাদশ বর্ধের কার্য্য-পরিচালনে নিম্নোক্ত পদে নিযুক্ত ভ্টয়াছিলেন :—

	এফু সত্যেক্সনাথ ঠাকুর	;	সভাপতি		
	মাননীর বিচারপতি খ্রীযুক্ত সারদাচরণ মিত্র, এম, এ, বি, এল,)			
	এীযুক্ত আওতোষ মুখোপাধ্যায় সরস্বতী, এম্ এ, ডি, এল্,	}	সহকারি-সভাপতি		
মহামহোপাধ্যায় শ্রীযুক্ত চক্রকান্ত তর্কালভার					
	জী যুক্ত রামেক্সক্রন্দর ত্রিবেদী, এম্ এ,		সম্পাদক।		
	" বোমকেশ মৃত্তফী)			
	"মন্মথমোহন বস্থ, বি, এ,	Ì	সহকারি-সম্পাদক।		
	" নগেন্দ্ৰনাথ বহু		পত্ৰিকা-সম্পাদক।		
	" রার যতীন্দ্রনাথ চৌধুরী এম্, এ, বি, এল্,		धनत्रककः।		
	" অম্লাচরণ বোষ বিচ্ছাভূষণ		গ্রন্থরক্ষক।		
	" গৌরীশছর দে, এম, এ; বি, এল্,)			
	" व्यविनां निव्यः वद्भ अम् अ,	}	আরব্যর-পরীক্ষক।		
	CONTENTION ATTENTION OF A STATE OF THE STATE	·· 'c			

এতব্রির উক্ত বার্থিক অধিবেশনে আর একজন সহকারি-সম্পাদক নিয়োগের প্রস্তাব হইলে, প্রীবৃক্ত নিত্য গোপাল বন্ধ ঐ পদে নিযুক্ত হন। গত শ্রাবণ মাসে তিনি পদত্যাগ করিলে, ঐ পদে আলোচ্য-বর্ষে আর কেহ নিযুক্ত হন নাই।

আলোচা-বর্বের প্রারম্ভে শ্রীবৃক্ত দেবেজনাথ নন্দীই প্রফরীডার ও দেধকের কার্য্য করেন।
পরে নিজ্যগোপাল ষম্ন সহকারি-সম্পাদকের পদ ত্যাগ করিলে, শ্রীবৃক্ত বিনোদবিহারী বন্ধ্যোলাখ্যার অহাবি-ভাবে অগ্রহারণ নাস পর্যান্ত প্রধান কর্মচারীরপে কার্য্য করেন, তৎপরে শ্রীবৃক্ত
কিলোরীমোহল সিংহ বর্ব শেব পর্যান্ত প্ররুপ অহারিভাবে প্রধান কর্মচারিক্রপে কার্য্য চালাইরাহেন। একাদশ বার্বিক অধিবেশনের দিন তিনি অক্সতম সহকারি-সম্পাদকরপে হারিভাবে
নির্ক হইরাছেন। গেবেজ বাব্ পীড়িত হওরার গত পৌবমান হইতে শ্রীবৃক্ত ভূপেরনাথ নন্দী
ভাবার প্রতিনিধিক্রপে কার্য্য করিডেছেন।

একাদশ সাংবৎসরিক কার্য্য-বিবর্গী।

কার্য্য-নির্বাহক সমিতি—আলোচা-বর্ষে থাহার৷ কার্য্যনির্বাহক-সমিতিতে নির্বা-চিত ও মনোনীত সদস্ত ছিলেন, তাঁহাদের নাম, —

(ক) নির্বাচিত সদস্যগণ,—

- ১। শ্রীযুক্ত হীরেন্দ্রনাথ দত এম, এ, বি, এল।
- ২। " স্থরেশচন্দ্র সমাঞ্চপতি।
- ৩। "নিখিল নাথ রায় বি, এল।
- 8। " সতীশচক্র বিভাত্রণ এম এ।
- ৫। " শৈলেশচন্দ্র মজুমদার।
- ৬। " নগেরুনাগ গুপ।
- ৭। " রায় বৈকুর্গনাথ বস্থ বাহাত্র।
- ৮। " कीरतान अमान विधाविरनान अम अ।

(খ) মনোনীত সদস্যগণ,—

- ১। শ্রীযুক্ত কুমার শরংকুমার রায়, এম এ।
- ২। " অমৃতকৃষ্ণ মলিক, বি, এল।
- ৩। " সুণালকান্তি লোষ।
- 8। " द्रश्यक्त अनान द्याम, वि, ७।

এতদ্বাতীত আয়-ব্যয়-প্রীক্ষক্ষয় তিন্ন পরিষদের অস্তান্ত কণ্মচারী এই সমিতির সদশ্ব মধ্যে গণা ছিলেন।

ু আলোচা বর্ষে এই সমিতির ১২ টি অধিবেশন ও একটি বিশেষ অধিবেশন হইয়াছিল। এই সকল অধিবেশনে পরিষদের নির্দিষ্ট কার্য্য ব্যতীত কয়েকটি বিশেষ বিষয়ের বাদস্থা কর ইইয়াছিল: তরাধ্যে কতকগুলি বিশেষ উল্লেখ যোগা।

- (১) দিতীর অধিবেশনে প্রীযুক্ত স্থরেশচন্দ্র সমাজপতিমহাশর আরবী ও পারসী শব্দ-গুলিকে বাঙ্গালার অক্ষরাস্তরিত করিবার প্রস্তাব করেন এবং "ডেকান গেজেট" পত্রের সম্পাদৰ প্রীযুক্ত সিদ্ধমোহন মিত্র ঐ ছই ভাষার পণ্ডিত বলিয়া, গোহাকে ঐ কার্য্যের ভার দিবারও প্রস্তাম করেন। এই প্রস্তাব গৃহীত হইয়াছে।
- (২) পরিবৎ কার্যালয়ের ও কর্মচারিগণের ছুটির কোন বাবছা ছিল না। সম্পাদক প্রীগৃত্ত রামেক্সফ্রন্সর ত্রিবেদীমহাশর প্রধানতঃ ছুটি সম্বন্ধে ও কার্যালরের কার্য্য-পরিচালনা সম্বন্ধে কতক শুলি নিরমের পা গুলিপি চতুর্থ অধিবেশনে উপস্থিত করেন। উহার আলোচনার কন্ত উত্ত অধিবেশনৈ প্রীগৃত্ত মার্থমোহন বস্থ বি, এ, এবং প্রীগৃত্ত অধিবেশনৈ প্রীগৃত্ত রার বৈকুঠনাথ বস্থ বাহাছর, প্রীগৃত্ত মার্থমোহন বস্থ বি, এ, এবং প্রীগৃত্ত নগেন্ত্রনাথ শুপ্তকে লইরা একটি শাখা-সমিতি গঠিত হর। শাগা-সমিতির মন্তব্য-অক্সারে পরিশোধিত নিরমাবলীর পা গুলিপি সভার প্রনরালোচিত হইরা পরিলোধিত পরিবর্ত্তিত ও পরিবর্ত্তিত আকারে অন্তমোধিত ও গহীত হইরাতে।

- (৩) বঠ অধিবেশনে গ্রন্থ-রক্ষক শ্রীযুক্ত অমুল্যচরণ ঘোষ বিভাভূষণমহাশয় পুরুকালয়ের পুষ্ট ও উন্নতি করে করেকটি প্রস্তাব উপস্থিত করেন। সম্পাদক শ্রীযুক্ত রামেক্রস্থলর ত্রিবেদী মহাশয় তদমুলারে নিয়মাদি প্রস্তুত করিবেন স্থির হয়। সপ্তম অধিবেশনে সম্পাদক শ্রীযুক্ত রামেক্রস্থলর ত্রিবেদীমহাশয় পুত্তকালয়ের নিয়মাবলীর পাপুলিপি উপস্থিত করিলে, উহা বিবেচনার্থ রামেক্রবাবু, স্থারেশবাবু, নগেক্র লাবু (গুপ্ত) ও অমূল্য বাবুকে লইয়া গঠিত এক শাবা সমিতির হস্তে অপিত হইয়ছে।
- (৪) ঐ অধিবেশনে সম্পাদক জ্রীরামেক্সফ্রনর ত্রিবেদীমছাশয় প্রস্তাব করেন, পরিষদের এ কাল পর্যান্ত ক্লতকর্ম্মের বিস্তৃত বিবরণ পুস্তিকাকারে ইংরাজী ও বাঙ্গলায় ছাপাইয়া দেশীর ও বিদেশীয় বিশ্বজ্ঞনের নিকট ও সভাসমিতিতে পাঠাইয়া দিয়া তাঁহাদের সহামুভ্তি, আমুক্লা ও প্রকাশিত পুস্তক-পত্রিকা প্রার্থনা করা হউক। প্রস্তাব গৃহীত ক্রয়াছে এবং ইংরাজী বিবরণী যুমস্থ।
- (৫) নবম অধিবেশনে শ্রীযুক্ত হীরেক্সনাথ দত্ত এম্ এ, বি এল্ মহাশর প্রস্তাব করেন, পরিষদের অক্সতম সহকারি-সভাপতি মহামহোপাধ্যায় শ্রীকৃক্ত চক্রকান্ত তর্কালকার মহাশয়কে গ্রুমেণ্ট হুইতে সাহিত্যিক বৃত্তি দেওয়া হউক, এইরূপ প্রার্থনা করিয়া পরিষৎ আবেদন করুন। প্রস্তাব গৃহীত হুইয়াছে। হীরেক্সবাবৃকে আবেদন পর প্রস্তুত করিবার তার দেওয়া হুইয়াছে।
- (৬) ঐ অধিবেশনে মহর্ষি দেবেক্সনাথ ঠাকুরের স্বৃত্তি-রক্ষার্থ ব্যবস্থা হইয়াছে। পরিষৎগৃহে মহর্ষির একথানি ভৈলচিত্র রাথা হইবে।
- (৭) ৬ চৈত্র তারিখে কার্যা-নির্বাহক-সমিতির বিশেষ অধিবেশন আহত হয়। উহাতে এই রবীক্সনাথ ঠাকুরমহাশয় উপস্থিত থাকিয়া পরিষদের কর্মকেত্রের পরিধি-বিস্তারের জন্ত প্রস্তাব করেন। পরিষৎ এ পর্যান্ত মুখাতঃ বাঙ্গালাভাষা ও বাঙ্গালা সাহিত্যের বিবিধ তত্ত্ব-আলো-চনার নিযুক্ত ছিলেন; রবীক্স বাবুর অভিপ্রায় যে অতঃপর বাঙ্গালাদেশ ও বাঙ্গালী জাতি সৰজে বাহা কিছু জ্ঞাতবা আছে, তালাই পরিষদের আলোচ্য হউক : যেন পরিষদের কার্য্যালয়ে আসিলে ৰাজালা দেশের সম্বন্ধে যে কোন জ্ঞাতব্য বিষয়ের সন্ধান পাওয়া যায়। কিন্তু এই উদ্দেশ্র-সাধনার্থ বৃহৎ আয়োজন আবশুক। বাঙ্গালার পনীতে পনীতে অমুসন্ধান দারা জ্ঞাতব্য বিষয়ের সভলন করিতে হইবে। পরিবদের তদ্যুরূপ ধনবল ও লোকবল নাই। আপাততঃ পরিবৎ মকঃখল-ৰাসী ছাত্ৰগণের সাহায়ে এই অনুসন্ধান ও তথ্য সম্বনন কার্য্যে প্রবৃত্ত হইলে, অন্নব্যয়ে অধিক ফলের প্রত্যোশা আছে। রবীস্রবাব্র প্রস্তাব সাদরে গৃহীত হইরাছিল এবং স্থির হইরাছিল বে, পরিবদের ছাত্র-সভ্য নামে নৃতন শ্রেণীর সভ্য নির্ব্বাচিত করা হউক। তাঁহারা চাঁদা দিবেন মা, बाলালা দেশের বিবরণ সংগ্রহ করিয়া পরিষৎকে সাহাত্য করিবেন। তাঁহারা পরিপ্রমের বিনিমত্তে সভাগণের কতক অধিকার পাইবেন। নৃতন ছাত্র-সভা-তাহণ সক্তে নির্মাটি-নির্মাভ ন্ত্ৰণাৰ্থ শ্ৰীবৃক্ত অমূল্যচন্ত্ৰণ বোৰ বিষ্ণাভূষণ, শ্ৰীবৃক্ত নামেক্ত স্থানৰ ত্ৰিবেদী এমৃত, শ্ৰীবৃক্ত ন্ত্ৰীন্তনাৰ क्षेत्रक हीरबजनाथ गड, अम्, अ, वि, अन, जीवूक नरगर्जनाथ ७७ ७ जीवूक महाबुरमाइन क्य वि, ७, ७१ कत्र राक्षित्र देशत कात्र वर्णिक स्रेताहिन। व्यात्रक दित स्रेताहिन स्वताकार्क

মফ: বল' হইতে আগত পরীকাধী ছাত্রগণকে ও সহরের ছাত্রগণকে এক বিশেষ সভার নিমন্ত্র করিরা তাঁহাদিগকে পরিষদের সহিত সম্পর্ক স্থাপনার্থ ও পরিষদের উদ্দেশ্য-সিদ্ধির পক্ষে সাহায়্য করিবার জন্ত উৎসাহিত করা হইবে। প্রীযুক্ত রবীন্দ্রনাথ ঠাকুর ঐ সভার ছাত্রদিগের কর্ম্বরা নির্দেশ করিয়া একটি প্রবন্ধ পাঠ করিবেন। তদমুসারে ক্লাসিক থিরেটারে সাহিত্য-পরিষদের এক বিশেষ অধিবেশন আহ্বান করিয়া ছাত্রবর্গকে আমন্ত্রণ করা হইয়াছিল। ঐ অধিবেশনের বিবরণ পূর্কে বেওয়া হইয়াছে। পরে দশম অধিবেশনে ছাত্র-সভার নিয়মাবলীর পাশুলিশি সংশোধিত হইয়া গৃহীত এবং অমুমোদনের জন্ত পরিষদের কোনও মাসিক অধিবেশনে উপত্যাপিত করা হইবে ত্বির হইয়াছিল।

- (৮) এই বিশেষ অধিবেশনে মারও একটি বিশেষ কার্যোর অন্তর্তান করা হয়। রক্ষপুর সদ্য পুদ্ধিনীর জমিদার প্রীযুক্ত স্বেক্সচন্দ্র রায়চৌধুরী মহাশর প্রভাব করিয়া পাঠান -- "প্রতি জেলার পরিষদের শাপা-সভা স্থাপিত হউক।"—এ সম্বন্ধে বত আলোচনার পর হির হইয়াছে, আপাততঃ পরীক্ষার জন্ত রক্ষপুরেই একটি শাখা-সভা স্থাপিত হউক। প্রভাবক ক্রেক্স বাবুক্সই এই শাখা-সভার সম্পাদক নিযুক্ত করা হইয়াছিল। এই শাখা-সভা পরিচালনের জন্ত নিস্মাদির পাণুলিপি প্রস্তুত করিবার ভার রামেক্সবাব্র প্রতি অপিত হইয়াছে। এইরপ শাখা-সভা রবীক্ষ্মবাব্র প্রস্তুতি কার্যাবিত কার্যাসিদ্ধির সহায় হইবে আশা করা যায়।
- (৯) দশম অধিবেশনে কুমিল্লায় মুসলমান শিকা সমিতির অধিবেশন উপলক্ষে ভাঁহাদের আহ্বান অহুসারে শ্রীযুক্ত ব্যোমকেশ মুন্তফী সহকারি-সম্পাদক মহাশয়কে প্রতিনিধি নির্বাচিত করা হয়।

